

১২০৬০

প্রায়শিত্ত

—○—



বিজেন্দ্রলাল রায়


গান্ধীক বস্তুকে **বহু আচ্ছা** নামে অভিনীত

[তৃতীয় সংস্করণ]

কার্তিক, ১৩২৫ সাল


মূল্য ॥০ আট আনা মাত্র।





D. M. Bhagat

উৎসর্গপত্ৰ



বাল্যবন্ধু শ্ৰীযুক্ত ঘোগেশচন্দ্ৰ চৌধুৱী—

কৰকমলেমু।

ঘোগেশ !

তোমাৰ উদাৰ, অমায়িক ও বিশুদ্ধ চৰিত্ৰেৰ প্ৰতি আমাৰ আনন্দিৰিক শ্ৰদ্ধাৰ নিৰ্দৰ্শন স্বৰূপ এই নাটিকা থানি তোমাকে উৎসর্গ কৰিলাম।

বিলেতফেৰ্তা সমাজে যে অৰ্থলোলুপতা, কুত্ৰিমতা ও বিলাসিতা প্ৰবেশ কৰিলাছে—তাহা তোমাকে স্পৰ্শ কৰে নাই। তুমি নিজে বিলেতফেৰ্তা ব্যারিষ্ঠার হইয়াও এবং স্বকীয় অধ্যবসায় দ্বাৰা আৰ্থিক উন্নতিমার্গে উঠিয়াও সেই পূৰ্বেৱহ মতন বিনয়ী সৱল ও শুদ্ধাচাৰী আছ। এবং আমি যে মত এই গ্ৰন্থে প্ৰকাশ কৰিয়াছি, তুমি নিত্য বেশে, আচাৰে ও কাৰ্য্যে তাহা দেখাইতেছে।

কলিকাতা,
হে মাঘ, ১৩০৮।

ভদ্ৰীয় অনুৱক্ত
শ্ৰীবিজেন্দ্ৰলাল রায়।

তৃমিকা

প্রায়শিত্ত পুস্তকখানির দ্বিতীয় সংস্করণ প্রকাশিত হইল। “ক্লাসিক থিয়েটারে” ইহা প্রথম অভিনীত হয়। ক্লাসিক থিয়েটারের কর্তৃপক্ষগণ পুস্তকখানিকে অভিনয়ের পক্ষে অতি দীর্ঘ বিবেচনা করিয়া অভিনয় কালে প্রথম সংস্করণের কতক অংশ বর্জন করেন। দ্বিতীয় সংস্করণে আমিও উক্ত অংশগুলি পরিত্যাগ করিয়াছি। একটা নৃতন গীতও এই নৃতন সংস্করণে প্রকটিত হইল। তাহা অভিনয় কালে গীত হয় না।

অনেকে এই পুস্তকখানিকে প্রেহসনকুপে অভিহিত করেন। আমার বিবেচনায় সেটি একান্ত ভুম। হাস্তবহুল নাটক মাত্রই যদি প্রেহসন হইত, তাহা হইলে Moliere'এর comedy গুলিও প্রেহসন। আমি এই গ্রন্থে বিলেতফের্তা সম্প্রদায়ের নিরুক্ত শ্রেণীর একটা ছবি দিবার চেষ্টা করিয়াছি। তাহা অতিরঞ্জিত নহে। সেই ছবির backgroundটি অতিরঞ্জিত বটে। কিন্তু মূলকেন্দ্রীয় ছবিটি ব্যক্তিগত না হইলেও প্রাকৃত বলিয়া আমি বিশ্বাস করি।

এ পুস্তকখানি বিদ্বজ্জনসমাজে সমধিক আদর পাইয়াছে। তাহার নিমিত্ত আমি উক্ত সমাজের কাছে কৃতজ্ঞ।

গ্রন্থকার।

ନାଟୋଲିଖିତ ବ୍ୟକ୍ତିଗଣ

ପାତ୍ର

ଉମେଶଚନ୍ଦ୍ର ଲାହିଡୀ
 ରମେଶଚନ୍ଦ୍ର ସେନ ଶୁନ୍ତ
 ପରେଶଚନ୍ଦ୍ର ଚନ୍ଦ୍ର
 ସୁରେଶଚନ୍ଦ୍ର ମିତ୍ର
 ଗନ୍ଧାରାମ ଚମ୍ପଟି, ବ୍ୟାରିଷ୍ଟାର
 ବିନୋଦବିହାରୀ ଚକ୍ରବର୍ତ୍ତୀ, ଇନ୍ଦ୍ରମତୀର ଦେବର (ଶୁଲିଥୋର) ।

ପାତ୍ରୀ

ଶୁକେଶିନୀ	ଉମେଶେର ସ୍ତ୍ରୀ
ଶୁବେଶିନୀ	ରମେଶେର „
ଶୁହସିନୀ	ପରେଶେର „
ଶୁଭାସିନୀ	ସୁରେଶେର „
ଇନ୍ଦ୍ରମତୀ	ନବ୍ୟ ବିଧ୍ୱା
ସରୋଜିନୀ	...		ଇନ୍ଦ୍ରମତୀର ସଥୀ (ସମ୍ପର୍କେ ଭଗ୍ନୀ)
ରେବେକା	ଚମ୍ପଟିର ସ୍ତ୍ରୀ

প্রায়শিত্ত

প্রস্তাৱনা

CHORUS.

নতুন কিছু কৱো একটা নতুন কিছু কৱো ।
নাক গুলো কাটো, কান গুলো ছাটো,
পা গুলো সব উঁচু কৱে' মাথা দিয়ে ইঁটো ;
হামাঞ্জি দাও, লাফাও, ডিগবাজি খাও, ওড়ো,
কিম্বা চিংপাত হোয়ে পা গুলো সব ছোড়ো ;
ঘোড়া গাড়ী ছেড়ে এখন উটের উপর চড়ো ;
—নতুন কিছু কৱো একটা নতুন কিছু কৱো ।
ডাল জাতের দফা, কর সবাই ঝফা,
কর শীগপির ধূতিচাদুরনিবারিণী সভা ;
প্যাট পরো, কোট পরো, নইলে নিভে গেলে ;
ধূতি চাদুর হয়েছে যে নিতান্ত সেকেলে ;
কাচকলা ছাড়ো, এবং ব্রোষ্ট চপ্ ধরো ;
—নতুন কিছু কৱো একটা নতুন কিছু কৱো ।
কিম্বা সবাই ওঠো, টাউন হলে জোটো ;
হিন্দুধর্ম প্রচার কর্তে আমেরিকায় ছোটো ;
আমুলা বেন নেহাইৎ থাটো হয়ে না যাই দেখো,
খুব খানিক টেচাও, কিম্বা খুব খানিক লেখো ।

Bain Mill ছাড়ো, আবার ভাগবত পড়ো ।
—নতুন কিছু করো একটা নতুন কিছু করো ।
আর কিছু না পারো, শ্রীদেৱ ধোৱে মারো ;
কিষ্মা তাদেৱ মাধ্যম তুলে নাচো—জালো আৱো ।
একেবাৰে নিতে যাজে দেশেৱ শ্রীলোক ;
বি এ, এম এ, ঘোড়সোয়াৱ, যা একটা কিছু হোক ;—
যা হয়—একটা করো কিছু ব্ৰকম নতুনতৱো ;
—নতুন কিছু করো একটা নতুন কিছু করো ।
হয়েছি অধীৱ যত বঙ্গবীৱ ;
এখন তবে কাটো সবাই নিজেৱ নিজেৱ শিৱ ;
পাহাড় থেকে পড়ো, সমুদ্রে দাও ডুব ;
মৰ্বে না হয় মৰ্বে,—একটা নতুন হবে খুব ;
নতুন ব্ৰকম বাঁচো, কিষ্মা নতুন ব্ৰকম মৱো ;—
নতুন কিছু করো একটা নতুন কিছু করো ।

প্রথম অঙ্ক



প্রথম দৃশ্য



স্থান—উমেশ বাবুর বহির্ভূটী। কাল—প্রভাত।

উমেশ, রমেশ, পরেশ ও সুরেশ হতাশভাবে আসীন।

গীত।

সকলে। { নাঃ আৱ ভালো লাগে নাক প্ৰত্যহই একয়েমে,
 { যেউ মেউ কৱা যত বাঙালিৰ সব মেয়ে।

উমেশ। না জানে নাচ্ছে, না জানে গাইতে,—

রমেশ। না জানে সৌখীনৱকম চক্ষু তুলে চাইতে—

পরেশ। সভ্যৱকম হাস্তে—

সুরেশ। সভ্যৱকম কাশ্তে—

সকলে। জানে না ;—

উমেশ। বিদ্যাবজ্ঞান একটি একটি হস্তিমুৰ্দ্ধ যেন ;

রমেশ। না পড়েছে Shakspeare না পড়েছে Ganot ;

পরেশ। Hockey Tennis খেল্লতে,—

সুরেশ। দীৰ্ঘনিঃখাস ক্ষেত্ৰে,—

সকলে। জানে না—

উমেশ। Adam Smith-এৰ Political economy জানে না—

রমেশ। Malthus-এৰ theory of population মানে না—

পরেশ। শাড়ী যুগিয়ে পৱতে—

[প্রথম অঙ্ক ।]

আংশিক ।

[প্রথম দৃশ্য ।

সুরেশ । Bicycleএ চড়তে—

সকলে । জানে না—

উমেশ । Huxley, Tyndal, Spencer, Millএর ধারণা ধাবে নাক—

রমেশ । Dynamicsএর অংকও কষ্টে পারে নাক—

পরেশ । উল বোনা শিখতে—

সুরেশ । নাটক নভেল লিখতে—

সকলে । জানে না—

উমেশ । হাড় জালিয়েছে—

রমেশ । অরুচি ধরে' গেছে দাদা—

পরেশ । যা বোলেছে—

সুরেশ । ঠিক্ক !

উমেশ । দেখ দেখি এই বিলেত ফের্তাদের স্বীগলোকে !

Societyতে mix কর্তে জানে—

রমেশ । শাড়ী ঘুরিয়ে পর্তে জানে—

সুরেশ । চা খেতে জানে—

পরেশ । খবরের কাগজ পড়তে জানে—

উমেশ । একেই ত বলে স্বী—

রমেশ । আহা—

পরেশ । বাঃ !

সুরেশ । কেয়াবাং !

উমেশ । না, যত কাঠের পুঁতুল—

রমেশ । ওঁচা !

পরেশ । জড়ভরৎ !

সুরেশ । সং !

প্রথম অঙ্ক ।]

প্রায়শিত্ব ।

[প্রথম দৃশ্য ।

সকলে । আঃ ছ্যাঃ—

[ক্ষণেক সকলে নিষ্ঠক হইয়া থাকিলেন]

উমেশ । এখন উপায় ?

রমেশ । এ জন্মটা বৃথায় গেছে,—পরজন্মে দেখা যাবে ।

পরেশ । আবার জন্ম হলে ত—

সুরেশ । হাঁ যে পুণ্যের জোর—বলা ত যায় না—

উমেশ । ওহে না হে না ! একটা উপায় ভাবো—ভাবো—

পরেশ । [ক্ষণেক চিন্তার পর] আমি একটা উপায় ঠাউরেছি—

উমেশ । কি বল দেখি—

পরেশ । [পার্শ্ব পরিবর্তন করিয়া] আমি বলছি কি, স্ত্রীলোক-গুলোকে টুটি টিপে মেরে ফেলে হয় না ? আবার ভাল দেখে বিষে করা যাবে ।

উমেশ । আরে তা হবে কেমন করে ! শেষে কি খুনের মকদ্দমায় পড়বো ?

পরেশ । তাও ত বটে !

রমেশ । স্ত্রীগুলো যদি নিজে বুঝি কোরে মর্ত ত অনেকটা স্ববিধা হত ।—তাও কি মর্বে !

সুরেশ । নেহাইৎ অকবি ! দেখো দিখি নগেজুকে please কর্ণার জগে কুন্দনন্দিনী কেমন টকাশ কোরে মোলো ।

উমেশ । তবে কি করা যায় ? কি বল সুরেশ !

সুরেশ । আমি বলি divorce—

উমেশ । আরে দুত্তর divorce—হিঁহ আইনে কি divorce হয় ?

রমেশ । তালে কি আর ভাবনা ছিল ?

প্রথম অঙ্ক ।]

প্রায়শিত্ব ।

[প্রথম দৃশ্য ।

পরেশ । আহা খবিৱা কি ভুলটাই কোৱে গেছেন !

উমেশ । তুমি একটা ঠাওৱাও দেখি রয়েশ ।

রয়েশ । আমি বলি কি, যে আৱ আৱ একটা কোৱে ভাল দেখে
বিয়ে কৱা যাক না—শান্তেও আছে অধিকস্ত ন দোষায় ।

পরেশ । না দাদা আমি ত উৱি মধ্যে নেই ।

উমেশ । কেন ?

পরেশ । শ্ৰীৱটাকে এখনো বাটোঘাৱা কোৱে দিতে রাজি নই ।
তাৱ উপৱ আৱ এক ভয় আছে ।

উমেশ । কি ?

পরেশ । বাবা, এক স্তৰীতেই বাড়ীতে পুল্লকগ্নার এক উপনিবেশ
স্থাপন কৰ্ত্তে হয়েছে । একাধিক স্তৰী হলে' কি রাবণেৰ বংশ হ'য়ে
দাঢ়াবে ?

সুরেশ । আৱে শোন কেন ? এক ঘোঁড়া চালাতে পাৱো না,
জুড়ি চালাবে—

উমেশ । তবে কি কৱা যায় ছাই ?

রয়েশ । আমিত আগেই বলিছি এ জন্মটা বৃথাই গিয়েছে, পুনৰ্জন্মে
দেখা যাবে ।

পরেশ । তবেইত !

সুরেশ । [হতাশভাবে শিষ্য দিলেন ।]

উমেশ । এই যে মিষ্টার চম্পাটি আসছেন—

রয়েশ । দেখা যাক উনি যদি কোন উপায় বেৱ কৰ্ত্তে পাৱেন ।

পরেশ । হাঁ ওঁকে জিজ্ঞাসা কৱা যাক—

সুরেশ । বেশ কথা !

প্রথম অঙ্ক ।]

প্রায়শিত্ব ।

[প্রথম দৃশ্য ।

[মিষ্টার চম্পটির প্রবেশ ।]

সকলে । Good morning চম্পটি সাহেব—
চম্পটি । Good morning my friends !—কি এখনে বোসে
সব কচ্ছেন কি ? what news ?

গীত ।

উমেশ । হা হা মশুর আমরা সবাই পড়েছি এক ভাবনায়—

রমেশ । তবে দেখলাম আমাদের আর বেঁচে কোনই জান নাই—

পরেশ । মনে ভাবি দুঃখ, শ্রীরা গওযুর্থ—

সুরেশ । ইচ্ছা হয় যে দৌড় মারি কটকে কি পাবনায়—

চম্পটি । Indeed !

উমেশ । এই শুনুন চম্পটি সাহেব, আমরা তবে দেখলাম যে জ্ঞী-
গুলোকে টুঁটি টিপে মেরে ফেলা যায় না ।

রমেশ । Divorceও করা যায় না—

পরেশ । আর একটা কোরে বিয়ে করাও পোষায় না—

সুরেশ । তবে করা যায় কি !

চম্পটি । By Jupitor !—মোটে এই ? এর ত সোজা solution
হয়েই রয়েছে ।

সকলে । কি ব্রকম কি ব্রকম !

চম্পটি । এই তাদের নামে মকদ্দমা করুন, civil suit আনুন ।

সুরেশ । হং ! কি solutionই কল্পন—

রমেশ । মরে' যাই—

পরেশ । জ্ঞান নামে আবার মকদ্দমা কি !

প্রথম অঙ্ক ।]

প্রাপ্তিষ্ঠিত ।

[প্রথম দৃশ্য ।

উমেশ । না তাও কি কথন হয় ?

চম্পটি । হয় না বটে ? Bombay'র High Court'এ যদিও একটা ruling আছে ;—তা তবে মকদ্দমা কোরে কাজ নেই ; তবে আর এক কাজ করুন ।

সকলে । [সাগ্রহে] কি ? কি ?

চম্পটি । সে ভারি সোজা—ও হো হো—it is as easy as to drink a peg of whisky.

রংমেশ । তবে ত এ নিশ্চয় খুবই সোজা—

চম্পটি । Oh my ! এ যে বতই ভেবে দেখছি ততই সোজা বোধ হচ্ছে ।

পরেশ । বলেন কি !

চম্পটি । ভারি সোজা ।—By—Venus and Adonis—
[সুরেশকে] you have only to follow your own nose.

সুরেশ । বটে ? তার পর ?

চম্পটি । Problemটা ত এই যে আপনাদের স্ত্রীরা uneducated ?
এই রূক্ষম ত ?

সকলে । ঠিক ঠি রূক্ষম—

চম্পটি । Well ! তা যদি হয়, ত তাদের educate করুন ।

উমেশ । তাওত বটে—

রংমেশ । এত ভারি সোজা !

পরেশ । এটা এতক্ষণ আমাদের কারো মাথায় ঢুকেনি হে ?

সুরেশ । কি আশ্চর্য ?

উমেশ । কিন্তু মশয় ! এত বয়সে কি আর তারা শিখতে পারে ?

প্রথম অংক ।]

প্রায়শিত্ব ।

[প্রথম দৃশ্য ।

চম্পটি । Oh my ! খুব 'পাৰ্বে, ছশো পাৰ্বে, পাঁচশ পাৰ্বে—
আপনাৱা Ainsliৱ Evidence Act পড়েন নি বুঝি ?

উমেশ । না ।

রমেশ । মশয় ! educated হলে তা'ৱা কি কি শিখবে ?

চম্পটি । কি কি শিখবে ? সব শিখবে । চলতে, ফির্তে, নাচতে,
গাইতে, হাসতে, কাশতে, flirt কৰ্ত্তে, মূচ্ছী ঘেতে—

পরেশ । বলেন কি ! মূচ্ছী ঘেতেও শিখবে ?

চম্পটি । Of course ! Ladiesৱা educated হ'লে Hub-
houseএর মতে মূচ্ছী ঘেতেই হবে ।

সুরেশ । আমাৱ মুখ দিয়ে কিন্তু লাল পড়ছে ভাই । কি বলেন
উমেশ বাবু—আপনি ভাবছেন কি ?

উমেশ । আমি ভাবছি যে তবে থাক ।

রমেশ । কি থাক ?

উমেশ । ঐ female educationটা ;--আমাৱ স্তৰীয় একেই
hysteria আছে ।

চম্পটি । Oh dear me !—সতি সত্যাই কি মূচ্ছী ঘাবে ? সভা
ৱকম ভাবে, স্ববিধা হলে ও বিশেষ অন্ত কোন কাজ না থাকলে,—এই,—
by way of variety—একটু মূচ্ছী ঘাবে ।

পরেশ । কি বল হে ।

উমেশ । বলছি কি—যে তবে যেমন আছে থাকনা । কেঁচো
খুঁড়তে সাপ বেরোবে ? কাজ কি খুলে ঢাকনা ।

সুরেশ । তুমি ত ভাৱি obstructive—এক্ষণি ঠিক হয়ে গেল যে
শিক্ষিতা স্তৰী নৈলে বেঁচে স্বৰ্থ নাই ।—আবাৱ—বলুন ত চম্পটি সাহেব ?

প্রথম অংক ।]

প্রায়শিক্তি ।

[প্রথম দৃশ্য ।

চম্পটি । তা আর বলতে—By Hercules ! উমেশ বাবু ! যদি
আপনি বিলেত যেতেন,—তা'লে দেখতেন, বিলেতে কোন lady-র গঢ়ে
কি পঢ়ে লিখতে না পারাটা ভৌতিক ব্যাপারের মধ্যে—quite a
phenomenon, আর পড়তে না জানা ।—my goodness ! সে
আর বলে কাজ কি ?—newspaper থাওয়া দাওয়ার মধ্যে । না পড়লে
হাঁই ওঠে, গা বমি বমি করে, পেটের অসুখ হয়—এক কথায় সাফ্
হজম হয় না ।

পরেশ । বলেন কি ?

চম্পটি । বিলেতে lady-রা এতদূর educated হয়েছে যে আজকাল
তারা football পর্যন্ত খেলছে ।

সুরেশ । [পরেশকে] আমার যে তাদের সঙ্গে একটা match দিতে
হচ্ছে হচ্ছে হচ্ছে হচ্ছে ।—না উমেশ বাবু আর কথাটি নেই ।

উমেশ । তবেইত !

রমেশ । আবার তবেই ত কি ?

পরেশ । ইঁ: রেখে দাও—একটা নতুন হবে ত ।

সুরেশ । ইঁ: পরে যা হয় হবে ; এখন একটা নতুন কিছু করো ।

বেগে বিনোদবিহারীর প্রবেশ ।

বিনোদ । মশায় মশায় দেকেন দেকেন, আমারে মাইন্যা পিইষে
দিইছ্যে ।

চম্পটি । Assault ? hurt ? নালিশ করুন ।

উমেশ । কে ঘাসে ?

বিনোদ । ঐ দোকানদার ।

রমেশ । কেন ?

প্রথম অঙ্ক ।]

প্রায়শিত্ব ।

[দ্বিতীয় দৃশ্য ।

বিনোদ । এই গুইলির লাইগে ।
পরেশ । তুমি গুলি খেয়ে গুলির পয়সা দাওনি বুঝি ।
বিনোদ । না পয়সা দিই নাই ।
সুরেশ । তবে মার্বেই ত ।
চম্পটি । কেন মার্বে ? পয়সার জগ্য নালিশ করুক । Civil
suit আছুক । মার্বার right কি, চলুন ত দেখি । লোকটাকে
identify কোরে, তার পরে তার নামে summons issue করা'তে
হবে, চলুন ত ।

বিনোদ । আইসেন আইসেন । শ্বাকেন সাহেব ! আমারে মাইরা
গুরা কৈরা দিইছে । ঐ বেটা ঐ দারিওয়ালা ।

[বিনোদবিহারীর শশব্যস্তে প্রস্থান ও কৌতুহলবশে

অন্ত সকলের তাঁহার পশ্চান্তিগমন ।]

— — —

দ্বিতীয় দৃশ্য

— — —

স্থান—ইন্দূমতীর বসিবার ঘর । কাল—অপরাহ্ন ।

ইন্দূমতী ও সরোজিনী ।

ইন্দূমতীর গীত ।

মনের বাসনা মনে বুঝিবা ক্রয়ে যাই ।
পথ চেয়ে চেয়ে বুঝি বেলাটি বয়ে যাই ।
আসে শুধু সমীরণ করণ মর্শ্বর তানে,
'আসেনি আসেনি সে' এ বারতা কয়ে যাই ;

কিরে যাই শৃঙ্খল ঘরে বিরহ হতাশে ;
 ধীরে ডুবে যায় ব্রহ্ম, সক্ষাৎ হয়ে আসে ;
 ধিক ধিক এ জীবন, ধিক এ জনন ঘোরি ;
 এ যৌবন বুঝি সখি, বিফল হয়ে যায় ॥

—সখি সখি ! তুমি কথা কচ্ছনা যে ?
 সরোজিনী । সখি ! আমি বাক্ষণিক রহিত হইছি ।
 ইন্দুমতী । কেন ?
 সরোজিনী । এই তোমার ভাবগতিক দেখে । বিধবা মানুষ,
 কোথায় পূজা আচ্ছা কর্বে, ঠাকুর দেবতা মান্বে, ব্রত একাদশী কর্বে !
 না কেবল যত সব স্মষ্টিছাড়া কথা ।

ইন্দুমতী । কি কর্ব সখি, আমার মন প্রবোধ মানে না যে ।—
 আমার প্রাণটা যে কি রকম করছে তা ত তুমি বুঝতে পাচ্ছ'না সখি ।

সরোজিনী । [সকোতুহলে] কি রকম বল দেখি !
 ইন্দুমতী । এই কি রকম জানো ? যেমন কারো গান গাইবার ইচ্ছা
 আছে অথচ গলা নেই, হাস্বার ইচ্ছে আছে অথচ দাঁত নেই, সিঁথি
 কাটিবার ইচ্ছে আছে অথচ মাথায় চুল নেই, বাবুগিরি কর্বার ইচ্ছে আছে
 অথচ হাতে পয়সা নেই, আমারো তেমনি ভাল বাস্বার ইচ্ছে আছে অথচ
 মনের মানুষ পাছি নে ।—আমি যেন কি রকম হয়েছি ।

সরোজিনী । কি রকম হয়েছো ?
 ইন্দুমতী । কি রকম হইছি জানো ? যেমন শীতকালে আমড়া গাছে
 পাতা থাকে না, গ্রীষ্মকালে বেহার অঞ্চলের মাঠে ঘাস থাকে না, বর্ষাকালে
 কল্কাতার রাস্তায় রাস্তা থাকে না—অনেকটা সেই রকম । কিন্তু যেমন
 সকাল বেলায় কুড়ে ঝিমোয়, আর তামাক থাম ; ছপর বেলায় চাষা গাছ
 ১০]

প্রথম অংক ।]

প্রায়শিত ।

[দ্বিতীয় দৃশ্য ।

তলায় ধোকে আর চিঁড়ে থাম ; সঙ্কেবেলায় জরো মেগী শয়ে শয়ে তাকায়
আর কি কর্বে ভেবে পায় না ;—এই অনেকটা সেই রকম ।

সরোজিনী । তাইত ! অবস্থা বড় সঙ্গিন হয়েছে বল্তে হবে ।

ইন্দুমতী । [সরোদনে] তাইত সখি, আমি কি কর্ব ? আমার মন
যে বাতাসে কলাগাছের পাতার মত চঞ্চল হয়েছে, চড়ুই পাথীর মত উড়ু
উড়ু কচ্ছে, নবপ্রস্তুত বাছুরের মত দিঘিদিক্ জ্ঞানশূন্য হয়ে ছুটে ছুটে
বেড়াচ্ছে । আমার কি হবে সখি ?

সরোজিনী । এরকম অবস্থায় যা হয়ে থাকে, তাই হবে । মন উড়ু
উড়ু কর্বে না ? দিবারাত্রি থাচ্ছ দুধ আর ধি আর পোলাও । তা আর মন
উড়ু উড়ু কর্বে না ? সাধে কি ঝুঁটিরা আলোচাল আর কাঁচকলা হিন্দু
বিধবার খাওয়ার ব্যবস্থা করেছিল ? তা'রি জগ্নে ত তা'রা বিধবার চুল
বাঁধা, সাজগোজ করা, গহনা পরা, এ সব নিষেধ করেছিল । তা তুমি ত
শুন্বে না ।

ইন্দুমতী । তা যদি না কর্ব, তবে এ বিপুল সম্পত্তি ভোগ কর্বে কে ?

সরোজিনী । কেন ? ভোগ কর্বার কি লোক ছিল না ? এই ধরো
আমিই না হয় তোমার হয়ে' কষ্ট কোরে সেটা ভোগ কর্ত্তাম । ছেলে
বেলায় আমার বাপ মা অভিভাবক সব মরে' গেল । এখন আমি যে
সোমর্ত্ত হতে চল্লাম তা টাকা না থাকাতে আমার বিয়েই হোল না । আর
তুমি বিধবা মাঝুষ, তোমার টাকার দরকার কি ? তা, যত টাকা পড়লো
এসে কিনা তোমার হাতে । বিধাতার এমনি বিচারই বটে ।

ইন্দুমতী । কি সখি তুমি বিয়ে কর্বে ?

সরোজিনী । তা কর্বনা কি উপোষ করে থাকবো নাকি ? তবে বিয়ে
হয় না কি করি—দামে পড়ে রায় মশায় হইছি ।

প্রথম অঙ্ক ।]

প্রায়শিত্ব ।

[দ্বিতীয় দৃঢ় ।

ইন্দুমতী । তা আমি তোমার বিষ্ণের খচ্চা সব দেবো । তুমি বিষ্ণে
করো ;—তুমি কি কাউকে ভালবাসো ?—দীর্ঘনিঃশ্঵াস ফেলছো কেন
সখি ?

সরোজিনী । একদিন ভাল বাস্তাম সখি ।—আঃ ! [দীর্ঘনিঃশ্বাস]

ইন্দুমতী । কাকে ? সখি কাকে ?

সরোজিনী । তা আর বলে কি হবে ? সে হবার নয় ।

ইন্দুমতী । কেন সখি ? সে কি তোমার ভালবাসা ফিরিয়ে দেয় নি ?

সরোজিনী । না সখি ।—ওঃ ! [দীর্ঘনিঃশ্বাস]

ইন্দুমতী । আহা বড় কষ্ট ! তবে আর ও কথা ভেবে কাজ নেই ।

বিনোদবিহারীর প্রবেশ ।

বিনোদ । বোঁ ঠারাইন, বোঁ ঠারাইন ।

ইন্দুমতী । কি দেবর লক্ষণ !

বিনোদ । আমার ইচ্ছে হইয়েছে যে আমি বিষ্ণে করুম ।

ইন্দুমতী । বিষ্ণে কর্বে ? কাকে ?

বিনোদ । সেইরেই—ঠিক কইয়া কইতে পারি না । আমি এমনে
একটা বিয়া করুম যে বৈসে বৈসে থাইতে পারা যায় । কোন বরমাইনসের
মাইয়া তালাস কর না বৌঠারাইন । নৈলে পারাঞ্জন্ম মাইনষের মাইর
থাইতে পারি না ।

ইন্দুমতী । দিলে আর কি ! এমনি এক অকর্ম্য অপদার্থ গুলি-
খোরের সঙ্গে কে তার মেঘের বিষ্ণে দিতে যাবে ?

বিনোদ । ক্যান্ত দিব না ?—বলি চ্যাহারা ধান্ত ত ঢাখো । যা হোক
আমার গুরুকর বিয়া দিয়া দাও ; হাজরা সাহেবের মত মজা কৈবল্য বৈসে
বৈসে থামু ।

প্রথম অংক ।]

প্রায়শিত ।

[দ্বিতীয় দৃশ্টি ।

ইন্দুমতী । বোসে বোসে ত থাচ্ছই ।

বিনোদ । এয়েরে কি বৈসা বৈসা থাওয়া কয় ? শুলির লইগা একটা
পয়সা চাইতেই থাকি ; পাই না । দশজন মাইনসেরে ডাইকা থাওয়াইতে
পারি না ! আমি চাই যে নিজে থাই, পরেরে থাওয়াই আর শুলি থাইয়া
ভোর হইয়া থাকি ।

ইন্দুমতী । তা তোমার বিস্তার জোগাড় তুমি কর, আমি কর্তে যাবো
কেন ? স্তৰীর টাকায় বোসে বোসে থাবে । লজ্জাও নেই ?

[সরোষে প্রস্থান] ।

বিনোদ । বিস্তার জোগার তুমি কোর্খা না । তবে আমিই করুম !
কারে ডর ? আমার দাদাৰ টাকা পাইয়া তুমি মাইয়া লোক রবমাইনসি
কোর্তেছ না ? আর স্তৰীয়ার টাকা দিয়া আমি বরমাইনসি করুম এতেই
দোষ ? কহত বিস্তাইন ! কহত ! — অমন কৈৱা আমার দিকে চাও ক্যান্ ।

সরোজিনী । আঃ ! [দীর্ঘনিঃশ্বাস] ।

বিনোদ । কি কও ?

সরোজিনী । উঃ ! [ভঙ্গীসহকারে উপবেশন] ।

বিনোদ । তোমার চাওনি ত বালো ঠেকেনা ।

সরোজিনী । উঃ—[প্রস্থান] ।

বিনোদ । এ কি রকম হৈল ? এঁয়া !

[প্রস্থান] ।

প্রথম অংক ।]

প্রায়শিক্তি ।

[তৃতীয় দৃশ্য ।

তৃতীয় দৃশ্য

-000--000-

স্থান—চম্পটি সাহেবের বসিবার ঘর। কাল—সায়াহু।
চম্পটি ও অন্ত চারিজন বিলেতফের্তা আসীন।

[গীত]

আমরা বিলেতফের্তা ক'ভাই,
আমরা সাহেব সেজেছি সবাই ;
ভাই কি করি নাচার, স্বদেশী আচার
করিয়াছি সব জবাই ।
আমরা বাংলা গিরেছি ভুলি,'
আমরা শিখেছি বিলিতি বুলি ;
আমরা চাকরকে ডাকি "বেংগুড়া"—আর
মুটেদের ডাকি "কুলি";।
"রাম" "কালীপদ" "হরিচরণ"
নাম এ সব সেকেলে ধরণ ;
ভাই নিজেদের সব "ডে" "রে" ও "মিটার"
করিয়াছি নাম করণ ;
আমরা সাহেব সঙ্গে পটি,
আমরা মিষ্টার নামে র'টি,
যদি "সাহেব" না বোলে "বাবু" কেহ বলে,
মনে মনে ভাবি চঠি ।
আমরা হেড়েছি টিকির আদর,
আমরা হেড়েছি ধূতি ও চাদর,

প্রথম অঙ্ক ।]

প্রায়শিক্তি ।

[তৃতীয় দৃশ্য ।

আমরা হাট বুট আৱ পাণ্ট কোট পোৱে
মেজেছি বিলাতি বাদৱ ;

আমরা বিলাতি ধৱণে হাসি,

আমরা ফৱাসি ধৱণে কাশি,

আমরা পা ফাঁক কৱিয়া সিগারেট খেতে
বড়ই ভালবাসি ।

আমরা হাতে খেতে বড় ডৱাই,

আমরা স্তৰকে ছুৱি কাটা ধৱাই,

আমরা মেয়েদেৱ জুতো মোজা, দিদিমাকে
জ্যাকেট কামিজ পৱাই ।

মোদেৱ সাহেবিয়ানাৱ বাধা,

এই যে রংটা হয় না সামা,

তবু চেষ্টাৰ কৃটা নেই ‘ভিনোলিয়া’
মাথি রোজ গাদা গাদা ।

আমরা বিলেত ফের্তা ক'টাৱ,

দেশে কংগ্ৰেস আদি ঘটাই ;

মোদেৱ সাহেব যদিও দেবতা, তবু শ
সাহেব শুলোই চটাই ।

আমরা সাহেবি রকমে ইাটি

স্পীচ দেই ইংৰিজি থাটি ;

কিন্তু বিপদেতে দেই বাঙালিৱাই মত
চম্পট পৱিপাটি ।

—

চম্পট । দেখ practice টা কিছুতেই জমাতে পাঞ্চিনে ।

পাঠক । তা ত দেখছি । তা এখন কি কৰৈ ঠিক কৱেছো ?

প্রথম অঙ্ক।]

প্রায়শিক্তি।

[তৃতীয় দৃশ্য।

হাজরা। Muffussil bar join কর না।

চম্পট। তাই ভাবছি। Allahabad যাবে ?

চাকি। না হে না। কোথাও যাবে ? এখনে বোসে থাকো, আরঃ
Congress join কর, আর পারো ত একধানা কাগজ চালাও।

চন্দ। আরে যদি সে ক্ষমতা থাকতো, তা হলে কি আর এতদিনে
practice হোত না ?

চম্পট। পরিশ্রম কোরে যদি খেতে হয় ত bar ছাড়বো কেন ?

পাঠক। নৈলে তুমি কি বিবেচনা করেছো যে বিনি পরিশ্রমে টাকা
আসবে ?

হাজরা। না। উনি ভেবেছেন যে টাকাগুলো! আঙ্গুর ফলের মত
গাছে ফলে রঞ্জেছে উনি গাছতলায় হাঁ করে শুয়ে থাকবেন আর ওঁর মুখে
এসে টপ্‌ টপ্‌ করে পড়বে।—

চন্দ। এই যেমন তোমার মুখে এসে পড়ছে।

পাঠক। হাঁ এখন দেখা যাচ্ছে যে বিনি পরিশ্রমে টাকা রোজগার
কর্বার পছ্না এক রুকম আছে।

চম্পট। কি রুকম ?

পাঠক। এই একটা বিয়ে করা—like Mr. Hazra.

চম্পট। বিয়ে কর্ব ?—তাইত ! well !—বিয়ে কর্ব ?—তা সে
এক রুকম মন্দ যয়।

চন্দ। Offer yourself to the highest bidder—যা, পাও।

চাকি। না হে, এক স্ববিধা আছে। মিষ্টার কর্মকারের এক handsome
daughter আছে। আর তিনি যে dowry offer করেছেন তা
আবার তার চেয়েও handsome. He has offered Rs. 25,000

প্রথম অংক ।]

প্রাপ্তিষ্ঠিত ।

[তৃতীয় দৃশ্য ।

in cash for a thoroughbred stallion.—You old chap—are not a bad one.

চম্পটি । সত্যি না কি ? By the holy prophet ! তবে যোগাড় কর না হে । বোলো আমি রাজি ।

চাকি । বল কি হে ! সে কিন্তু bridegroomকে দশ জাম্বগাম্ব ধাচিয়ে নেবে ।

চন্দ । হাঁ দাত টাত দেখে নেবে বৈকি । টাকা দেবে, দেখে নেবে না ?

চম্পটি । তা হোক । বোলো হে Barkis willing.

চাকি । Go-ahead old chap ! my sympathies are with you.

পাঠক । [ঘড়ি দেখিয়া] এং late হয়ে গেল ! come let's be off, we have got an engagement.

হাজুরা । হাঁ হাঁ ওঠো । কাল এখানে dinnerএর engagement পাকাত !

চম্পটি । Certainly.

অগ্রান্তি বিলেত ফের্ণাগণ । Very well then. Ta ta [প্রস্থান] ।

চম্পটি । এরা খানা একটা পেলে হয় । নিশ্চয় এরা পূর্ব জন্মে রাক্ষস ছিল । এক এক জন থায় যেন ওদের সমস্ত শরীরটাই stomach. আমি ত drink কোরে থাবার আর অবসর পাইনে । এতটুকু ত পেট, তা যদি খেয়েই ভরিয়ে দেবো ত drink কর্ব কোন জাম্বগাটায় । কিন্তু আর যে বেশী দিন ওদের dinner শুগিয়ে উঠতে পাচ্ছি তা ত বোধ হয় না ।—এই বেহারা-বেহারা-এই কোই হায় ?

প্রথম অঙ্ক ।]

প্রায়শিত্ব ।

[তৃতীয় দৃশ্য ।

বেহোরার প্রবেশ ।

চম্পটি । You damned rascal ! জবাব নেহি দেতা হাম্ব কাহে ?

বেহোরা । হজুর ।—

চম্পটি । চুপ্ রহো গাধা ।—যাও শুমোর ! বাবুচিকো বোলাও ।

বেহোরা । যো হকুম । [প্রস্থান]

চম্পটি । বাপের যা টাকা ছিল তা ত দিইছি ফুঁকে, এখন যা বাবুগিরি
সেটা শুধু মুখে—আঃ বিনি পরিশ্রমে যদি practice হোত !—আগে তাইত
ভেবেছিলাম যে উঠে দুগৎ বল্বো আর টাকা আন্বো । তা caseই পাইনে
তা বল্বো কি ।—

নেপথ্য । চম্পটি সাম্বে বারি আছেন নাকি ?

চম্পটি । এঃ এ সেই শুলিখোরটা দেখছি । জালালে ।—এই
বেংগারা ! বেংগারা !

নেপথ্য । চম্পটি সাম্বে বারি আছেন ?

চম্পটি । Come in.

বিনোদবিহারীর প্রবেশ ।

চম্পটি । কি বিনোদ বাবু যে । What news !—

বিনোদ । আপনের কাছে আইলেম ।

চম্পটি । তা ত দেখছি । কি, কোন case ?

বিনোদ । আ আমারে জীরাইতে ঢান् । case ease কৈরা যে
ক্ষেপনের ঘোগারে আছেন দিখি । case ত আন্ছিই ।

চম্পটি । কি case ? assault ! trespass ! theft ! rioting ?
—ও rioting ?—এই যে [একখানি প্রকাণ্ড পুস্তক বাহির করিয়া
টেবিলের উপর রাখিয়া সজোরে পাতা উন্টাইতে লাগিলেন ।] এই যে

প্রথম অংক।]

আয়োজিত।

[তৃতীয় দৃশ্য।

rioting-এর section. “Whoever”.....[বিনোদবিহারী অসম্মতি
প্রকাশক শিরঃসঞ্চালন করিলেন]।

চম্পটি। Rioting নয় ? তবে কি ? hurt ! confinement ?
murder ? এই দেখুন এই Taylor's Medical Jurisprudence-এ^১ লিখেছে—[আর একথানি পুস্তক পড়িয়া পাতা উল্টাইতে]—এই দেখুন—
বিনোদ। ক্ষ্যাতি করেন চম্পটি সাম্মেব। এ ঐ প্রকার case নয়।
এ একটা মাইয়া মানুষ আর একটা পুরুষ মানুষের লইগে—

চম্পটি। Enticing away ? adultery ? rape ?—Oh my !
এ subject এ Snell-এর Equity বলে' একথানা খুব ভালো বহি
আছে। এই দেখুন—

বিনোদ। আহা ব্যস্ত হয়েন ক্যান। কইতে দ্বান না। জিরাইতেই
দ্বান। ওঁ [দীর্ঘনিঃশ্বাস] শোনেন, কতাটি এই যে আমি বিয়ে কর্তে
চাহি কিন্তু আমার বোঠারাইন ত বিয়া কোর্তে দ্বান না।

চম্পটি। নালিশ করুন।

বিনোদ। নালিশ করুম কেমন কৈরা ? এতে নালিশ করুম
কিসের লইগে।

চম্পটি। কেন কর্বেন না। আপনাকে বিয়ে কর্তে দেবে না,
আপনি নালিশ কর্বেন না ? তবে এই Civil Court, Criminal
Court রয়েছে কি জগ্যে ? Penal Code তৈরি হইয়াছিল কি জগ্যে—
Certainly নালিশ করুন। Pontifix's Marriage Act অঙুসারে
বেশ নালিশ চলে। এই দেখুন Reginalds' Law of Financial
Catechism-এ লিখেছে কি শুনুন। [আলমারি হইতে অন্ত একথানি
কেতাব বাহির করিতে উত্তুত]।

প্রথম অঙ্ক ।]

প্রায়শিত্ব ।

[তৃতীয় দৃশ্য ।

বিনোদ । আঃ এত ভারি মঙ্গলে পোলাম দেখি । আগে শ্বাষ পর্যন্ত
শুইনাই লয়েন । বোঠারাইন কঞ্জেন যে মাইয়া দেইখা লইয়া তুমি
নিজেই বিস্তা করো না । কে ‘না’ করে ।

চম্পটি । তবে নালিশ কিসের ?

বিনোদ । আমি ও ত সেঝেরেই কই ।—নালিশ কিসের ?

চম্পটি । [হতাশভাবে] এং এতটা পরিশ্রম বুঢ়া গেল । তবে তুমি
এসেছো কেন ?

বিনোদ । আমি তো সেইরেই কইতে চাই, তাত আপনে শুন্তে
চাঞ্জেন না ! পাতাই উন্টাঞ্জেন পাতাই উন্টাঞ্জেন । তা—মাইয়া
দেইখা ত বিয়া কোর্টে পারি তা মাইয়া পাই কৈ ?

চম্পটি । তা আমি কি কৰ্ব—[বহি বক্ষ করিয়া ও আলমারিতে
তুলিতে তুলিতে] আমি কি কৰ্ব ।

বিনোদ । আপনি সেইরেই কোন সন্ধান কইয়া দিতে পারেন ?

চম্পটি । আরে বেটা আমাকে ঘটক পেঘেছ ? মেঘে খুঁজতে
এয়েছো Barrister-এর বাড়ী ? Damned শুঁয়োর !

বিনোদ । আরে গাইল দ্বান্ ক্যান্ ।

চম্পটি । বেরো বেটা শুলিথোর !

বিনোদ । আরে শুলিথোর কয়েন ক্যান্ । শুলি থাইত আপনের
গাইচের পঞ্চসা বাইর কৈরা থাই, আপনাৰ বাপেৰ কি ?

চম্পটি । আবাৰ রোধ্ । বেরো বেটা ।—এই বেহোৱা ?

বিনোদ । আরে ব্যেটা ব্যেটা কৱেন ক্যান্—

চম্পটি । আবাৰ তক কৰ্ত্তে লাগলো । Get out !—বেরো
বলছি । [একটি ঘষ্টি লইয়া ধাবমান ও বিনোদবিহারীৰ পলাঘন] ।

প্রথম অঙ্ক।]

প্রায়শিত্ব।

[তৃতীয় দৃশ্য।

চম্পটি। Case-এর সঙ্গে খোঁজ থবৱ নাই। আবাৰ বলে ঘটকালি
কৱ।—বেটোৱা আমাকে গাধা পেঁয়েছে [পরিক্ৰমণ] হাঃ হাঃ He intends
to marry rich. সকলেৱই ঐ ফন্দি। ফন্দিটা মন্দ নয়। কোন
পরিশ্ৰম নেই অথচ পায়েৱ উপৱ পা রেখে বোসে থাও। আঃ!—এবাৰ
যদি Karmakar-এর মেঝেটোকে বিয়ে কৰ্ত্তে পাৱি; তা'লে by the
Holy Gospels of St. Zachary—এক হাত মেৱে দিইছি আৱ কি।
—বেশ।—একটা বিয়ে কৱা যাক।—তবে ইতে একটা but আছে।
আমি যে বিলেতে already একটা বিয়ে কৱেছি। [চিন্তা ও মন্তক
আন্দোলন] তাইত।—তা কিন্তু সে বিয়েটা এত দিনে null and void
হয়ে গিয়েছে। যে ডুব মেৱেছি। সে wife যে আমাকে খুঁজে নেবে,
তাৱ ঘো রাখিনি—যাক একটা বিয়েই না হয় কৱা যাক। 25,000
rupees in hard cash!—not bad.—এখন হলে হয়। হবে নাই
বা কেন। এই চেহাৱাখানায় সব মেৱে রেখেছি [মুকুৱে স্বীয় মূৰ্তি
অবলোকন] চেহাৱাখানা একেবাৱে নিখুঁত। নাকটা একেবাৱে
Grecian. চোখ ছুটো—ওঁ: কি eyelashes বাবা।—তাৱপৱে এই
কপালটা ওঁ:—ঠিক Bismark-এর মত। আৱ দাঁতগুলো—দেখি
[দন্ত বাহিৱ কৱিয়া] beautiful! beautiful! [হতাশভাবে] কি
চেহাৱাখানাই এ দেশে পড়ে' মাঠে মাৱা গেল রে।

[ছিম্ববস্তুপৱিহিত সন্তান চতুষ্প্রেৱ সহিত ৱেবেকাৰ প্ৰবেশ।]

ৱেবেকা। At last!

চম্পটি। এ কেৱে! এ ৱেবেকা নাকি? না তাৱ ভূত? নিশ্চয়
তাৱ ভূত।

ৱেবেকা। I am sure you are Mr. Champati.

প্রথম অঙ্ক ।]

প্রায়শিত ।

[তৃতীয় দৃশ্য ।

চম্পটি । [কাপিতে কাপিতে] আমি চম্পটি ঠিকই বটে । কিন্তু
তুমি,—নিশ্চয় রেবেকাৰ ভূত । Ghost ! Ghost ! Ghost !
Murder Murder !

রেবেকা । I am not a ghost. I am Rebecca, your
married wife.

চম্পটি । Really ! [কাপিতে কাপিতে] By St. Andrews !
খুব পাকড়েছোত । তবে how did you find out my address,
my angel ?

রেবেকা । Never mind how ;—you wretch, you
scoundrel, you most—

চম্পটি । দেখ অত superlative হঠাতে নাইবা হলে ।—By Jove !
—you have grown quite old my beauty ?:

রেবেকা । [সরোদনে] And the child died.

চম্পটি । Did it ?—poor child !

রেবেকা । Actually died of starvation.

চম্পটি । Really !—well ! you might just as well have
done the same thing ; it would do you good.

রেবেকা । You cruel !—and you once pretended to
love me [ক্রন্দন] ।

চম্পটি । Don't cry.—There's a dear—The fact is I
am also starving—not mentally or morally, but phy-
sically starving.

রেবেকা । Then why did you pretend to be a prince ?

প্রথম অঙ্ক ।]

প্রায়শিত্ব ।

[চতুর্থ দৃশ্য ।

চম্পটি । Did I ?—[স্বগতঃ] এঃ কি বিপদেই পড়িছি । এখন ত
এর হাত এড়াবারও ঘো নেই—[প্রকাশে] By the holy prophet !
—ah ! well—don't you see ?

রেবেকা । I quite see you rogue, you liar, you beast ?

চম্পটি । দেখ রেবেকা ! তোমার arguments গুলো খুব convincing—এর পরে আমার আর কিছু বক্তব্য নেই । এস তবে এখন
আমার অঁধার ঘর আলো কর'সে এস Come in dear !—[স্বগত]
এঃ planটা মাটী করে দিলে । সব মাটি ! [নিষ্কাস্ত]

চতুর্থ দৃশ্য



স্থান—উমেশের ভিতর বাটী । কাল—সন্ধ্যা ।

সুকেশিনী, সুবেশিনী, সুহাসিনী, ও সুভাষিনীর

প্রবেশ ও গীত ।

কটি নবকূল কামিনী ।

অঙ্ককার হইতে আলোকে চলেছি মনগামিনী ।

জানি জুতা মোজা কামিজ পরিতে,

চে়োরে ঠেসিয়া গল্ল করিতে,—

পারত পক্ষে উপর হইতে নীচের তলার নামিনে ।

গৃহের কার্য করুক সকলে খুড়ী জেঠী পিসী মাসীতে ;

আমরা সবাই নব্য প্রথায় শিখেছি হাসিতে কাশিতে ;

প্রথম অঙ্ক ।]

প্রায়শিত্ব ।

[চতুর্থ দৃশ্য ।

করিতে নাটক নভেল আঙ্ক ;
করিতে নৃত্য গীত বাঞ্ছ ;
বসিতে উঠিতে, ঢলিতে, ফিরিতে, ঘুরিতে দিবস যামিনী ।
ব্যবসা করিয়া চাকরি করিয়া অর্থ আনুক পতিরা ;
রাজি আছি তাহা ধৰচ করিয়া বাধিত করিতে সতীরা ;
বিলাতি চলন বিলাতি ধৰণ
আমরা করিতেছি অনুকরণ ;
ষেমন সভা আমীরা তাহার চাইত যোগ্য ভামিনী ।

সুবেশিনী । আজ মিসেস্ চাটোজ্জির ওখানে engagementটা
কটা'র সময় হে ?

সুহাসিনী । এই ঠিক পাঁচটা'র সময় ।

সুকেশিনী । এখন কটা বেজেছে !

সুভাষিনী । এই—চার'টে বেজে গিয়েছে দেখছি ।

সুবেশিনী । তাইত [সুকেশিনী কে] তোমার husband কাছারি
থেকে ফির্তে এত দেরি কচ্ছেন কেন ? তাকে বলে দিয়েছো যে তিনি
ফিরে এলে আমরা সেই গাড়ি করে' যাবো ।

সুকেশিনী । বলিছি । সে ঠিক আস্বে এখনি । ভারি obedient
husband আমার ।

সুভাষিনী । তবু, আজ তাকে আপিস থেকে হেঁটে আস্তে বল্লেই
হোত ।

সুভাষিনী । ঐ যে তোমার husband এসেছেন । না ! এস এস
আমরা শীঘ্ৰিৰ মুখে powderটা মেখে নেই ।

সুবেশিনী । হাঁ হাঁ চল চল ।

প্রথম অঙ্ক।]

প্রায়শিত্ব।

[চতুর্থ দৃশ্য।

স্বাসিনী। তুমি মাথ্বেনা স্বকেশিনী ?

স্বকেশিনী। আমার মুখে powder মাখ্তে হয় না তোমরা
powder মাখে। আমি ততক্ষণ একটু Shakspeare পড়ে নেই।

[স্বকেশিনী ভিন্ন অন্য সকলের প্রস্তান]

স্বকেশিনী। [বেড়াইতে বেড়াইতে পাঠ] To be or not to
be that is the question.—

উমেশের প্রবেশ।

উমেশ। এই যে এখানে—বলি ওগো—থাবার আছে ?

স্বকেশিনী। Whether it is nobler in the mind—

উমেশ। এ আবার কি চং ! বলি, থাবার আছে ?

স্বকেশিনী। To suffer—

উমেশ। আপাততঃ, ক্ষিধের জালায় যে আমি suffer কচ্ছ।
থাবার আছে ?

স্বকেশিনী। Or to take arms—

উমেশ। এ কি রুকম তামাসা !—বলি—

স্বকেশিনী। Against a sea of troubles.

উমেশ। বলি আফিস থেকে থেটে খুটে এসে Hamlet-এর solilo-
quy শুন'লে কি আমার পেট ভর্বে ? থাবার আছে ?

স্বকেশিনী। একটু দাঢ়াও। And by opposing end them.—

উমেশ। হঁ। এখন end them. ও soliloquy end কোরে
এখন এদিকটা দেখ।

স্বকেশিনী। To die, to sleep, to sleep—perchance to
dream—

শ্রেষ্ঠ অঙ্ক ।]

প্রায়শিত্ব ।

[চতুর্থ দৃশ্য ।

উমেশ । এখন dream কর্বার সময় নয় । পেটে বাড়বাধি জলেছে ।

সুকেশনী । Ah there's the rub.—

উমেশ । ক্ষি ত rub.—যদি ক্ষিধেটা না থাকতো ত আর কোন গোলই থাকতো না ।—এখন হে পরি, স্বর্গভূমি থেকে একবার আমাদের এ পাপ মর্তভূমিতে একবার নামো ।—বলি থাবার আছে ?

সুকেশনী । [সচকিতে] থাবার ?

উমেশ । [ভঙ্গীসহকারে] হাঁ থাবার ।

সুকেশনী । ওঃ যা ! ভুলে গিইছি ।

উমেশ । বাঁচিয়েছো ।—তবে আর কি ; তুমি চুল ফিরিয়ে সাড়ি ঘুড়িয়ে, জুতা মোজা পায়ে দিয়ে, বেড়িয়ে বেড়িয়ে, পদ্য পাঠ কর, আর আমি থাবি থাই ।

সুকেশনী । Byron বলেছেন যে eating with another thing or two remind us of your mortality.

উমেশ । Byron চুলোয় যাক । এদিকে আমার ভোঁচকানি লাগবার যোগাড়—

সুকেশনী । তারি জালাতে পড়লাম । আচ্ছা দেখ আজ তোমার থাবার আন্তে দিচ্ছি । কিন্তু কাল থেকে তোমার নিজের থাবারের বন্দোবস্ত নিজে কোরো ।—ক্ষি যাঃ—চাবি কোথায় গেল ?—চাবি ?

উমেশ । বেশ ! চাবি হারিয়ে বোনে আছ ? বেশ !

সুকেশনী । তাইত dear ! চাবি ?

[উমেশের মুখের দিকে একদৃঢ়ে চাহিয়া রহিলেন]

উমেশ । আমার মুখের দিকে তাকিয়ে রয়েছো কি—চাবি কি আমার মুখে আছে ?

প্রথম অঙ্ক।

প্রায়শিত।

[চতুর্থ দৃশ্য।

স্বকেশনী। আগে চাবি অঁচলে বাঁধা থাকতো ; এখন ত আর অঁচল নেই, বাঁধি কোথায় ? কুমালে বেঁধে রেখেছিলাম, কুমাল শুন্দি কোথায় পড়ে গিয়েছে ।—রোসো, এবার সাড়ির একটা পকেট করে নিছি ।—খুব সোজা ।

উমেশ। তা হবে খুব সোজা । কিন্তু আপাততঃ চাবিটা খুঁজলে বোধ হয় পাওয়া যায় ।

স্বকেশনী। ও কি কি !—চাবিটা খোজ্ ত । তবে তুমি বোস । আমার Mrs. চাটার্জির ওখানে engagement আছে । জানত ! দেরি হয়ে যাচ্ছে । [ঘড়ি দেখিয়া] এং already late হয়ে গেছে, আমি যাই ।

[শশব্যন্তে প্রশ্ন]

উমেশ। [কপালে হাত দিয়া হতাশা প্রকাশ ও বহিগমনোগত]

পথে পরেশ, রমেশ ও স্বরেশের সহিত সাক্ষাৎ ।

পরেশ। কি উমেশ বাবু কপালে হাত দিয়ে যে ?

উমেশ। আর ভাই সে কথা বল কেন ?

রমেশ। ব্যাপারখানাটা কি ?

উমেশ। উপোস ।

স্বরেশ। কেন ?

উমেশ। এই, to be or not to be that is the question রকম । তোমাদের কারো কাছে পয়সা টয়সা আছে ?

পরেশ। এই আমার কাছে আছে । কেন ?

উমেশ। দাও ত ভাই [পয়সা গ্রহণ]

রমেশ। হোল কি ?—

[২৭

প্রথম অঙ্ক ।]

প্রায়শিত্ব ।

[চতুর্থ দৃশ্য ।

উমেশ । যা হবার তাই । To be or not to be that is the question—

সুরেশ । ক্ষেপ্লেন না কি ?

উমেশ । To be or not to be.—চল আগে কিছু জলখাবার আন্তে দিই, উদরের জালা নিবারণ করি—পরে বলছি ।

পরেশ । তবু শুনি না কথাটা কি ।

উমেশ । কথাটা এই যে তোমাদের দশ জনের হাপায় প'ড়ে স্ত্রীরে education দিয়ে তার ফল হাতে হাতে পাঞ্চি আর কি !

রমেশ । কি রকম ?

উমেশ । এই আমি এলাম সমস্ত দিন গাধার পরিশ্রম করে, বাকি থাঙ্গনার রাস্তা লিখে, আর স্ত্রীর থাবারের যোগাড় করা চুলোয় যাক, তিনি গেলেন engagement রাখ্তে । এখন এ পোড়ার মুখে দেই কি ? [সুরেশকে] তোমার মুখে যে female education education করে যে লাল পড়তো না ? এই নেও female education.

সুরেশ । ও কিছু নয় উমেশ বাবু । আমি ত ভাবছিলাম যে তাদের educationই হয় নি । তাদের emancipation না দিলে ত education completeই হয় না ।

উমেশ । আর কাজ নেই বাপ ! education দিয়েই যে রকম খোল্তাই হয়েছে, তার উপরে আর emancipation দিয়ে কাজ নেই ।

পরেশ । ঘাবড়াচ্ছা কেন উমেশ ? ও নিজেরা education দিয়েই সব বিগড়ে যাচ্ছে । এবার একজন যেম রেখে দস্তরমত education দিলে তবে ঠিক হবে । কি বলো ?

উমেশ । কি আর বলবো ? যাহা বাস্তান তাহা পঁয়ষট্টি । We

প্রথম অঙ্ক।]

প্রায়শিত।

[চতুর্থ দৃশ্য।

all in the same boat. লাঙুলহীন শূগাল একা হচ্ছি না এই ধা
satisfaction.

ৱর্মেশ। তাইত—

স্বরেশ। তার জন্যে আর বেশী দূর যেতে হবে কেন? চম্পাট
সাহেবের বিলাতি মেম এয়েছে, তাকে দিয়েই হবে, না?

উমেশ। আহা! বেচারি কোথায় বিস্মে করে' ২৫০০০ টাকা মার্কার
ফিকিরে ছিল। বড় ফস্কেছে? যা হোক তোমাদের মতলবে আর
কিছু না হোক তার ত একটা উপর্কার হবে। বেচারি বড় কষ্টে পড়েছে।
তবে তাকে এখন বলে কে।

পরেশ। সেটা তোমারই যোগাড় কর্তে হবে। কি বলো?
ভাবছো যে!

উমেশ। তথান্ত।—তবে ভবিষ্যতের জন্য আমি দায়ী নই। আমি
ত দেখছি যে ভবিষ্যৎ ঘোরতর অঙ্ককার। তবে এক আশা আছে যে
যা দাঢ়িয়েছে তার চেয়ে আর কতই খারাপ হবে। ভালোও বা হয়ে
যেতে পারে। Shakspeare বলেছেন “desperate diseases
require desperate remedies” চল আগে কিছু জলযোগও
করা যাক। [নিঞ্জান্ত]

পঞ্চম দৃশ্য

—

স্থান—ইন্দুমতীর গৃহের ছাদ । কাল—সাম্রাজ্য ।

সরোজিনী একাকিনী বেড়াইয়া বেড়াইতেছিলেন ।

সরোজিনী । তাকে আমি ভালবাসি । লোকে হস্ত জিজ্ঞাসা কর্বে,
কি শুণে ভালবাসি । লোকে বল্বে তিনি কুৎসিত, অসভ্য, শুলিধোর,
অসচ্ছরিত । তিনি আমাকে ভালবাসেন না । তবু আমি তাকে
ভালবাসি । এই যে ইনি এই দিকে আসছেন । [সভঙ্গী উপবেশন] ।

[বিনোদবিহারীর প্রবেশ]

বিনোদ । [স্বগত] এই যে এইখানে বৈসে । চেহারা থানা মন্দ
নম্ব । বোঠারাইন কন যে বেয়ান আমর্যা বিয়া কর্তে চায় । তা মন্দ
কি ! আমি এয়েরে দিয়া কাম উক্তার করতে পারি ত এয়েরই বিয়া
করুম ।—কারে ডর ? [প্রকাশ্টে] বেয়াইন ও বেয়াইন !

সরোজিনী । এই যে আপনি ?—কি বলছেন ।

বিনোদ । আমি ভাইবা চিন্তা শুধৰে তোমারেই বিয়া কৱা সাব্যস্ত
কোল্পাম ।

সরোজিনী । বেশ ঠাট্টা শিখেছেন ত ।

বিনোদ । না বিয়াইন আমি ঠাট্টা কর্তেছি না, তোমারেই বিয়া
করুম ; কিন্তু আমার লাইগে যদি বিহাইন, তুমি অহুগ্রহ কৈবল্যা বিহাইন,
যদি একটা কাম করো ।

প্রথম অংক ।]

প্রায়শিত্ব ।

[পঞ্চম দৃশ্য ।

সরোজিনী । কাজ ? কি কাজ ?—বলুন আমি আপনার জন্ম
সব কর্ত্তে প্রস্তুত আছি ! কি বলুন ।

বিনোদ । তা জানি বিহাইন, আমার বিহাইন, আমার প্রাণের
বিহাইন, আমার নয়নের মাণিক্য, তুমি যদি বেহাইন, বোঠারাইনরে
বিষ্ণা কর্ত্তে স্বীকার করাইতে পারো ।

সরোজিনী । কেন ? তাতে আপনার লাভ কি ।

বিনোদ । সেইরে জিগাও ক্যান ? আমার কাম আছে । এইরা
যদি তুমি কর বিহাইন,—তা'লে—

সরোজিনী । বিধবার কি বিয়ে হয় ?

বিনোদ । হইব না ক্যান ? নৃতন আইনে ত হয় ।

সরোজিনী । তা বিধবাকে বিয়ে কোরে কে জাত খোঁসাতে যাবে ।

বিনোদ । তা টাকা পাইলে সকলেই জাইত খোঁসাতে স্বীকার
আছে । জাইত ত সিন্দুকের মধ্যা । আর কেউ না থাকে, চম্পটি
সাহেব আছেন ।

সরোজিনী । তিনি ত খৃষ্টান ।

বিনোদ । হইলোই বা খ্রীষ্টান । প্রায়শিত্ব কোর্ক্যান ।

সরোজিনী । তিনি রাজি আছেন ?

বিনোদ । দেইরেই ত তোমার কোর্ত্তে হইব । চম্পটি সাহেবের
কাছে গিষ্মা তোমার এই কতা কৈতে হইব । শুনি যে চম্পটি সাহেবেরও
টাকার বর দরকার আছে ।

সরোজিনী । [ভাবিষ্যা] আচ্ছা, কিন্তু পরে যেন আমাকে ফাঁকি
দিবেন না ।

বিনোদ । [জিব কাটিয়া] বল কি বিহাইন ? তা কি আমি

প্রথম অঙ্ক ।]

প্রায়শিত্ব ।

[পঞ্চম দৃশ্য ।

পারি ? তুমি যদি এই কাম কোর্তে পারো, ত তোমারে বিয়া করুম, বিয়া করুম, বিয়া করুম, তিনি সৈত্য কোল্লাম । এখন বিশ্বাস হয় ? তবে আমি আসি ।—মনে রয় যেন । [যাইতে যাইতে স্বগত] হঁ ছঁ
কেমন ফন্দি কর্ছি ? চম্পটি সাহেব আমারে মাইরা খেদাইয়া দিয়া
বড় ভাল কাম কচ্ছেন । আমি মাইর খাইয়া এক ভালো ব্যারিষ্ঠারের
নিকট নালিশ কোর্তে যাইয়া বর বালো খবর পাইছি । আমি, চম্পটি
সাহেব আর বোঠারাইন দহীর জনের আকেল দিতে পারি কি
না দেখুন—তবে যে কয়, বাঙালের বুদ্ধি নাই—হাঃ হাঃ হাঃ
[নৃত্য ও প্রস্থান ।]

সরোজিনী । এর মধ্যে নিশ্চয় একটা নিগৃত ব্যাপার আছে ! স্থীর
বিবাহের জন্য ইনি এত চিন্তিত কেন ?—ঈশ্বর জানেন । কিন্তু চম্পটি
সাহেবের কাছে যাবো কি কোরে ? এরই কাছে তাঁর নাম শুনেছি
বটে । কিন্তু তাইত—তা প্রেমের জন্য অনেক সময় অনেক দুঃসাধ্য
সাধন কর্তে হয় । আর স্থীরে বিয়ে কর্তে রাজি করা—হঁ :—কথাটা
বলে “কাঙ্গলা ভাত ধাবি ? না, পাত পেতে বোসে আছি !”

[গাইতে গাইতে বেগে ইন্দুমতীর প্রবেশ ।]

ইন্দুমতী । সখি ধৱ ধৱ ।

সরোজিনী । কেন কেন সখি এভাব নিরখি, কেন কেন তুমি এমন কর ?

ইন্দুমতী । বসন্ত আসিল শীত অস্ত করি’—

সরোজিনী । সে যে ছিল ভালো, এযে ঘেমে মরি—

ইন্দুমতী । ডাকিছে কোকিল—

সরোজিনী । উড়িতেছে চিল—উঠে কত কা কা-নাম মধুর স্বর—

ইন্দুমতী । গঞ্জিছে অলি কুশমের পাশে—

সরোজিনী । আমাদের তাতে ভাবি যায় আসে ;

ইন্দুমতী। বহিছে মলয় ধীরে—
 সরোজিনী। মিছে নম, উড়ে ধূলা তাই প্রবল তর।
 ইন্দুমতী। ঘোবন জালায় জলি অহর্নিশ,
 সরোজিনী। ঘোবন কি বল পাই হোয়ে ত্রিশ—
 ইন্দুমতী। কি করি কি করি—
 সরোজিনী। আহা মরি মরি—
 ইন্দুমতী। উহু উহু সখি—
 সরোজিনী। না যাও সর ;—
 ইন্দুমতী। বল বল সখি কি করিব আমি ?—
 সরোজিনী। না ভালো লাগেনা তোমার শ্বাকামি।
 ইন্দুমতী। সখি কোথা শ্বাম ? আমি যে মোলাম—
 সরোজিনী। মর তা একটু সরিয়া মর।

ইন্দুমতী। সখি সখি আমার কি হ'ল ?
 সরোজিনী। কেন সখি ?
 ইন্দুমতী। আমার যেন বোধ হচ্ছে যে সংসার মরুভূমি ;—আকাশ
 ধূ ধূ কচ্ছে ; চারিদিকে প্রহেলিকা না কুহেলিকা কি বলে—তাই !
 আমার এ কি হ'ল !

সরোজিনী। তাইত সখি !
 ইন্দুমতী। সখি ! একে প্রেমের কোন্ অবস্থা বলে ?
 সরোজিনী। শোচনীয় অবস্থা।
 ইন্দুমতী। না সখি ! এ পরিহাস কর্ণার সময় নম। আমার প্রাণ
 যে কেমন হয়েছে, মন যেন কি ব্রকম কচ্ছে, দুদয় যেন কিসের মত
 হয়ে গিয়েছে।

সরোজিনী। বটে ?

প্রথম অঙ্ক ।]

প্রায়শিত্ব ।

[পঞ্চম দৃশ্য ।

ইন্দুমতী । জগৎ হাঁ হাঁ কচ্ছে, আকাশ থাঁ থাঁ কচ্ছে, বাতাস শাঁ শাঁ
কচ্ছে—আর—আর কি কচ্ছে সখি ?

সরোজিনী । এই, ক্ষুধাতে পেট টাঁ টাঁ কচ্ছে, রোদ্ধুরে মেজাজ
ঝাঁ ঝাঁ কচ্ছে, ছেলেপিলেগুলো বাড়ীর মধ্যে মা মা কচ্ছে, বাইরে গুরুগুলো
গাঁ গাঁ কচ্ছে—

ইন্দুমতী । না না সখি ! তুমি বুঝতে পাচ্ছনা যে ব্যাপারখানাটা
কি ।—আমার প্রাণ যে আকুল হয়েছে । “আকুল” বোবো ? আমার
অবস্থা যে কি রকম হয়েছে সেটা সহজ ভাষায় বর্ণনা করা যায় না ।

সরোজিনী । তবু কি রকম হয়েছে শুনি । না হয় একটু বেঁকা
ভাষায়ই বর্ণনা কলো ।

ইন্দুমতী । কি রকম হয়েছে জানো ? এই সন্দেশে মিষ্টি না থাকলে
যে রকম হয়, পানে এলাচ না থাকলে যে রকম হয়, সাড়ির পাড় না
থাকলে যে রকম হয়, গানে গিট্টকারি না থাকলে যে রকম হয়, ‘অনেকটা
সেই রকম—নীরব, একঘেঁষে, ফেক্সা—কোনই মানে নেই ।

সরোজিনী । অবস্থাটা বেশ ঘোরালো রকম দাঢ়িয়েছে দেখছি ।
তা এখন কি কর্বে ঠিক করেছো ?

ইন্দুমতী । কি কর্ব ভেবে পাচ্ছিনে । এদিকে আমার ঘোবন
ফুরিয়ে এল, পাকা রাস্তা ছেড়ে যেন এখন মেটে রাস্তায় এসে পড়েছি,
আমার হৃদয়ক্রপ বাড়ী থেকে ক্রমে ক্রমে যেন বাসনাক্রপ চূণ খসে প'ড়ে
যাচ্ছে । আমার কি হবে সখি—আমি কি কর্ব সখি ।

সরোজিনী । কি কর্বে বলবো ? বিয়ে করো । একটা বিয়ে করো ।

ইন্দুমতী । বিয়ে ?

সরোজিনী । হাঁ সখি বিয়ে ।

ইন্দুমতী। বিয়ে? সে কি বল সখি! বিয়ে?

সরোজিনী। বিয়ে নয়ত কি শুপ্তপ্রেম? সে বড় সাংঘাতিক ব্যাপার সখি। সে দিকে ধেঁধোনা, বিয়ে করো।

ইন্দুমতী। বিয়ে কর্বো?

সরোজিনী। কর্বে বৈ কি। এটা বুব্লতে পাছ না, এ ত খুব মোজা বাঙ্গলা।—বিয়ে কর্বে।

ইন্দুমতী। হাঁ তাওত বটে। বিয়েই'ত কৰ্ব বটে। সেটা আমাকে এতদিন কেউ বুঝিয়ে বলেনি। বিয়েই ত কর্তে হবে বটে। সখি তুমি আমার যে কি উপকার কল্পে তা আর কি বলবো।

সরোজিনী। কেন সখি?

ইন্দুমতী। মনের কথাটা টেনে বার করেছো। আমার মনে ও প্রস্তাবটা অনেকদিন থেকে উকি মেরে যাচ্ছে, কিন্তু প্রস্তাবটা আর একজনের কাছ থেকে এলে যেন টক কোরে বোৰা যায়। এই যেমন থেতে বস্লে, কোন একটা জিনিষ থেতে ইচ্ছে হলে, ইচ্ছা সন্ত্বেও চাওয়া যায় না, কিন্তু আর একজন যদি বলে ‘আহা আর একটু থাওনা ভাই’—সেটা অমনি চঢ় করে’ বোৰা যায়। এ সেই রকম—সখি ঠিক বল্ছো। বিয়েই ত কৰ্ব বটে!—কিন্তু পাত্ৰ?

সরোজিনী। পাত্ৰ যোগাড় কৰ্বার ভাৱ আমিই নিছি।

ইন্দুমতী। [সাগৃহে] পাৰ্বে?—সখি পাৰ্বে?

সরোজিনী। পাৰ্ব্বে হবে বৈ কি—‘খাতিৱে পড়ে’ লোকে টেঁকি গেলে, আৱ আমি একটা ঘটকালি কর্তে পাৰ্বো না?

ইন্দুমতী। সখি তোমায় আৱ কি বলবো? যেমন থেতে থেতে ‘বিষম’ লাগে, হাস্তে হাস্তে ফিক্ ধৰে, চল্লতে চল্লতে ঘুছোট ধাৱ,

প্রথম অঙ্ক ।]

প্রায়শিত্ব ।

[ষষ্ঠি দৃশ্য ।

আমাৰ সেই রুকম কথা কইতে কইতে আটকে যাচ্ছে । হঁা বিয়েই ত কৰি বটে । তাও ত বটে,—ঠিক । [প্ৰস্থান]

সৱোজিনী ।—হয়েছে । পাথী শিকলি কেটেছে । তা আমি কি কৰি ? আমাৰ দোষ কি । ও পাথী শিকলি নিজেই কেটেছে আমি কেটে দিইনি । আমি বৱং ভাল কৰ্ছি । একটা ভদ্ৰুকম কিনাৱা কোৱে দিচ্ছি ।

[নিষ্কাণ্ড] ।

ষষ্ঠি দৃশ্য

স্থান—চম্পটিৰ বসিবাৰ ঘৱ । কাল—প্ৰভাত ।

চম্পটিৰ পুত্ৰকণ্ঠাগণেৰ গীত ।

চম্পটি চম্পটি চম্পটি

চম্পটিৰ দল আমৱা সবে ।

একটু মেশাল রুকম ভাবে

আমৱা কজন এইছি ভবে ।

যদি কিছু দেশী রং,

ৱেখেছি সাহেবি টং ;

একটু তবু নেটিত গৰু

কি কৰি তা রবেই র'খৈ ।

ইংৱাৰীতে কহি কথা

মেটা ‘পাপাৱ’ উপদেশ ;

হাট্টা কোট্টা পৱি কেন—কাৱণ সেটা সভ্য বেশ ;

চক্ষে কেন চসমা সাজ ?—কাৱণ সেটা ফ্যাসন আজ

—চশমা শুল্ষ Student মহল

কোথাৱ কে দেখেছে কবে ।

বঙ্গভাষা কইতে শিখছি

বছৱ দুত্তিন লাগ্ বে আৱো ;

ভবে এখন ক'ছি যে সে

তোমৱা যাতে বুৰতে পাৱো ;

প্রথম অঙ্ক ।]

প্রায়শিক্তি ।

[বৰ্ষ দৃশ্য ।

টেবিলেতে খাচ্ছি খানা কারণ সে সাহেবিয়ানা ;
খাইবা যদি শাগচচড়ি টেবিলে তা থেতে হবে ।
ইউরোশীয়ান ছেলে মেয়ে তৈরি মোরা হচ্ছি কুমে,
এদিকেও সংখ্যায় বাড়ছি বিনা কোন পরিশ্রমে,
জানি না কি হবে শেষে, কোথায় বা চলেছি ভেসে,
মাঝিশৃঙ্খল নৌকার উপর ভেসে ধাচ্ছি ভবাণৰে ।

[অহান ।]

[চম্পটির প্রবেশ] ।

চম্পটি । না : এ আর পোষাচ্ছে না দেখছি । আগে একটা মাহুষ,
যা হয় এক রকম ধার টার ক'রে চোলে যাচ্ছিল । এখন—with so
many mouths to feed—by Jove—they are quite a regi-
ment.—কি কৰ্ব যে ভেবে পাচ্ছিনে । কোথা থেকে একটা পুরোণো
encumbrance আবার ঘাড়ের উপর এসে জুটলো ।—Married স্ত্রী,
তাড়িয়ে দেবার যো নাই । তার উপর এই ছেলেমেয়ে গুলো আসল
ধারের উপর স্বদের মত বাড়তেই চলেছে ।—নিজের ছেলে, গলা টিপে
মেরে ফেলা যায় না । এখন এই wifeটাকে নিয়ে কি করা যায় কেউ
বলতে পারো ?—আচ্ছা, উমেশ বাবু ত কাল এইছিলেন—কল্ছিলেন যে
তাঁদের wife গুলোকে educate কর্তে একজন mistress চাই । আমার
স্ত্রী যদি সেটা কর্তে পারেন, ত তা'রা মাসে ২০০ টাকা করে দিতে বাজি
আছে । By Jingo ! that is a good idea. এখন রেবেকা স্বীকার
হলে হয় ! দেখি, জিজ্ঞাসা করি । রেবেকা রেবেকা ?

রেবেকা'র প্রবেশ ।

রেবেকা । কি ? dear !

[৩৭

প্রথম অঙ্ক ।]

প্রায়শিত্ব ।

[ষষ্ঠি দৃশ্য ।

চম্পটি । এই একটা মতলব কচ্ছিলাম কি—আং কি রাকম ক'রে
কথাটা পাড়ি—হাঁ শোন—ছেলেপিলে গুলো ত মোলো ।

রেবেকা । কেন dear ?

চম্পটি । এই না খেয়ে—

রেবেকা । তা আমি কি কর ?

চম্পটি ।—আমি বলছিলাম কি যে হঠাৎ একটা ভারি সুবিধে
হয়েছে ।

রেবেকা । কি রাকম সুবিধা ?

চম্পটি । এই রোজগারের একটা ফন্দি বা'র করেছি ।

রেবেকা । কি রাকম ?

চম্পটি । এই তুমি mistress হও ।

রেবেকা । [সক্রোধে] Mistress ? কার ?—never.

চম্পটি । আরে সে mistress নয় ;—এ master, mistress—
সেই mistress. এরা জন কতক নবাহিনী মিলে তাদের wives দের
ecuate কর্তে চায় । তুমি তাদের mistress হও ।

রেবেকা । No I won't.

চম্পটি । Indeed you will.

রেবেকা । আর তুমি কি করবে ?

চম্পটি । থাবো ।

রেবেকা । What ?

চম্পটি । I will only eat darling ! I will eat to please
you.

রেবেকা । Never !

প্রথম অঙ্ক ।]

প্রায়শিত্ব ।

[ষষ্ঠি দৃশ্য ।

চম্পটি । Always your most obedient servant—গঙ্গারাম
চম্পটি ।

রেবেকা । I shall be hanged if I do.

চম্পটি । I shall be blowed if you don't. শোন dear !
এ বিষয়ে Full Benchএর নজীর আছে ।

রেবেকা । কি রকম ?

চম্পটি । Phillips' Concordance of Criminal Caseএ^{লিখ্চে} যে husband is the wife's property অর্থাৎ স্বামী স্ত্রীর
সম্পত্তি বিশেষ ।

রেবেকা । তাতে কি প্রমাণ হয় ?

চম্পটি । যে তুমি রোজগার কর্বে ।

রেবেকা । আর তুমি বোমে থাবে ?

চম্পটি । With pleasure.

রেবেকা । Really !

চম্পটি । শোন dear ! I have always held among my
friends that you are an angel. আর আমারও তাই ঝুঁক বিশ্বাস
—যদিও তোমার wings নেই ।

রেবেকা । সত্যি বল্ছো ?

চম্পটি । By all the gods in heaven ! though to tell
the truth, I am a veritable atheist.

রেবেকা । Very well !—But it is no use. তুমি ত মদ খেয়ে
সব উড়িয়ে দেবে !

চম্পটি । তা দেবো । কিন্তু তুমি স্বর্গে যাবে ।

প্রথম অঙ্ক ।]

প্রায়শিত্ব ।

[ষষ্ঠি দৃশ্য ।

রেবেকা । স্বর্গে যাবো ?

চম্পটি । নিশ্চিত । angelsরা স্বর্গে যাও না কি নরকে যাও ? বাপ、
what a figure !—what complexion— !

রেবেকা । বল কি ?

চম্পটি । উঃ ! dazzling !

রেবেকা । সত্যি বলছো ?

চম্পটি । .সত্যি ?—তুমি আমার বুকে ছুরি বিঁধিয়েছ, darling !

রেবেকা । কখন dear ?

চম্পটি । কখন আবার ? এখন—এইমাত্র ! ছুরি কি Rogersএর
ছুরি নৈলে আর ছুরি হয় না ?—তুমি আমার এই heartএ অবিশ্বাসের
ছুরি বিঁধিয়েছো । তুমি যদি dear Macpherson's Law of
Mortgage পড়তে, তা'লে আর আমাকে এত অবিশ্বাস কর্তে না !

রেবেকা । না dear ! আর আমি তোমাকে অবিশ্বাস কর্ব না ।
আহাহা আমার husbandএর কি কোমল প্রাণ ।

চম্পটি । তবে তুমি স্বীকার ?

রেবেকা । আচ্ছা স্বীকার । কিন্তু you must mend your
ways.—সব মদ খেলে উড়িয়ে দিও না ।

চম্পটি । না সব উড়িয়ে দেব না ।

রেবেকা । আচ্ছা, darling ! আমি স্বীকার হলাম । তা'লে তুমি
আমাকে ভালবাস্বে ?

চম্পটি । ভালো ?—well I never ! আমি তোমাকে ভালো
বাসবো না ? দেখো আমি তোমাকে তা'লে এমন ভালো বাসবো—যে
কি আর বল্বো ।

[প্রথম অঙ্ক।]

প্রায়শিত্ব।

[সপ্তম দৃশ্য।

রেবেকা। আচ্ছা, তবে আমি যাই, এখন থাবার ঘোড়াড় দেখিগে।


[প্রশ্নান]

চল্পটি। হাঃ হাঃ হাঃ আমাকে কিন্তু রেবেকা সত্য সত্যই ভালবাসে বোধ হচ্ছে। তা বাস্বে না? ঈশ্বর কি চেহারাটাই দিয়েছিলেন!

[মুকুরে স্বীয় মূর্তি দেখিল্লা] বাঃ অবিকল বেন Apollo—তবে গোফ, আছে এই যা। আচ্ছা, গোফটা কামিয়ে ফেলে হয় না—নাঃ কাজ নেই।

[প্রশ্নান]

সপ্তম দৃশ্য



গীত।

সকলে। মোরা সবাই ঠিক করেছি যে চাকরি করা হয়রানী।

নাপিতানী। মুই মাপিনী।

ধোপানী। মুই ধোপানী।

মেছুনী। মুই মেছুনী।

ময়রানী। মুই ময়রানী!

নাপিতানী। মোদের নকরি কোরে গুজরাণে আর মন উঠেনা সই।

ধোপানী। মোরা চাই শয়ন কোরে নয়ন মুদে বিস্তোর হয়ে রই।

মেছুনী। নাই কি উপায় চাকরি করা বৈ—

ময়রানী। বলি খেটে খেতে হইছিল কি তৈরি এ টান মুখখানি।

নাপিতানী। হেলিয়ে নয়ন বাঁকা অবহেলে করি ভুবন জয়।

ধোপানী। আমরা রাজা আমীর উমীর কারে করিনাক ভয়।

মেছুনী। মোদের কি লা চাকরি করা সয়?

ময়রানী। এখন কর্তে হবে সহজ একটা নৃতন উপায় আমদানি।

নাপিতানী। ঐ লো ঐ মধুৰ স্বরে বাজছে বাণি আর কি ধাকা ধাম।

ধোপানী। আহা বিধির ভুসে ধাপৱ যুগে জন্ম হইনি হাম।

মেছুনী। ওলো তোরা সব আসবি যদি আয়।

ময়রানী। আমরা সব হাসিৱ ঘটায় কল্পেৱ ছটায় মাতিয়ে দেবো রাজধানী।

ଦ୍ୱିତୀୟ ଅଙ୍କ



ପ୍ରଥମ ଦୃଶ୍ୟ



ହାନ—ଚମ୍ପଟିର drawing room. କାଳ—ହିଫର ଦିବ।

ଚମ୍ପଟି ଓ ରେବେକା।

ଗୀତ ।

ରେବେକା । ଆମି ଚିରକାଳ unmarried ଥାକ୍ତାମ ସନ୍ଯାପିଓ—
ସେଟା—

ଚମ୍ପଟି । It would have been far preferable't would
have been much better.

ରେବେକା । ତୋମାର marry କରା was an act of great
mistake for me—

ଚମ୍ପଟି । In this view of the case my love !

I thoroughly agree.

ରେବେକା । I thoroughly agree—

ଚମ୍ପଟି । I thoroughly agree—

ଉଭୟେ । In this view of the case, my love !

I thoroughly agree.

ରେବେକା । It was a great mistake to marry ଧୋରେ ଏକଟା
pauper.—

ଦ୍ୱିତୀୟ ଅଙ୍କ । ।

ଆୟଚିତ୍ତ ।

[ପ୍ରଥମ ଦୃଶ୍ୟ ।

ଚମ୍ପଟି । The more so, O my love ! when you yourself had not a copper.

ରେବେକା । Tremendous, sad mistake, my darling ! very sad, I see.

ଚମ୍ପଟି । In this view of the case, my love !
I thoroughly agree.—

ରେବେକା । I thoroughly agree.—

ଚମ୍ପଟି । I thoroughly agree.—

ଡିଭର୍ମେ । In this view of the case, my love ! I thoroughly agree.

ରେବେକା । ଏହି loveର ପ୍ରଥମ stageଟାଇ ଭାଲୋ—whispers, hugs, and kisses.

ଚମ୍ପଟି । The charm is not so great as soon as you become a Mrs.

ରେବେକା । The case becomes more complicated on the contrary—

ଚମ୍ପଟି । In this view of the case my love ! I thoroughly agree.

ରେବେକା । I thoroughly agree—

ଚମ୍ପଟି । I thoroughly agree—

ଡିଭର୍ମେ । In this view of the case, my love ! I thoroughly agree.

ଦ୍ୱିତୀୟ ଅଙ୍କ ।]

ଆସିଲେ ।

[ପ୍ରଥମ ଦୃଶ୍ୟ ।

ରେବେକା । You may give me a thousand kisses, and
be mine for ever.

ଚମ୍ପଟି । ଚାହିଁ something more substantial କିନ୍ତୁ ମୁଖେର ମଧ୍ୟ
ଦେବାର ।

ରେବେକା । You are as wise as Solomon, though not so
rich as he—

ଚମ୍ପଟି । In this view of the case my love !

I thoroughly agree.

ରେବେକା । I thoroughly agree.—

ଚମ୍ପଟି । I thoroughly agree.—

ଉଭୟେ । In this view of the case, my love !

I thoroughly agree.

ରେବେକା । ଏହି marry କୋରେ ନା ହୋକ କୋନ ଅନ୍ତି କାର୍ଯ୍ୟମିଳି ।

ଚମ୍ପଟି । But annually ଏକଟି କରେ' ହଜ୍ରେ ବଂଶବୃଦ୍ଧି ;

ଉଭୟେ । Whatever difference of opinion

there may be.

In this view of the case, my love

I thoroughly agree.

ରେବେକା । I thoroughly agree.—

ଚମ୍ପଟି । I thoroughly agree.—

ଉଭୟେ । In this view of the case my, love !

I thoroughly agree.

ଚମ୍ପଟି । କି ବଳ dear ?

দ্বিতীয় অংক ।]

প্রায়শিক্তি ।

[প্রথম দৃশ্য ।

রেবেকা । কি আর বল্বো ! এখন উপায় দেখ—*to make both ends meet.*

চম্পটি । They will meet. ইংরাজিতে বলছে যে extremes always meet. [হাস্ত উদ্দেশ্যে দস্ত বাহির করিলেন ।]

রেবেকা । তুমি ভাবছো যে খুব রসিকতা কচ্ছ । কিন্তু তাতে ত আর পেট ভরে না—

চম্পটি । তা নিশ্চিত ! বাঙালাতে বলে “শুধু কথায় চিঁড়ে ভেজে না ।”

রেবেকা । আমাকে ত তারা এ চাকরি থেকে ছাড়িয়ে দিলে ; তারা এখন Shakspeare পড়ছে, Herbert Spencer পড়ছে, Adam Smith পড়ছে । আমার ত অতদূর বিদ্য নেই ! আমার যতদূর বিদ্য তা তাদের শিখেইছি, আর কি কর্ব !

চম্পটি । তা বটে । তুমি আর কি কর্বে । এখন তোমার ইচ্ছে বোধ হয় যে আমি কিছু করি ।

রেবেকা । তুমি কিছু কর্বে না ? তুমি man, আমি চিরকালটা রোজকার কর্ব, আর তুমি চিরকালটা বোসে বোসে থাবে ঠিক করেছো ?

চম্পটি । আমার মতলবটা কতক ঐ রুকমহ ছিল বটে ।

রেবেকা । Shame !

চম্পটি । তুমি যদি আমাকে খেতে দিতেই না পার্বে, তবে বিশ্বে করেছিলে কেন ?

রেবেকা । আমি তোমাকে ধাওয়াবো !—O dear ! dear !—
স্ত্রী কি স্বামীকে বোসে বোসে ধাওয়ায় !—

চম্পটি । আলবৎ ! স্ত্রীর মত স্ত্রী হলেই ধাওয়ায় ।

হিতীয় অঙ্ক ।]

প্রায়শিত ।

[প্রথম দৃশ্য ।

রেবেকা । তাও আমি এত দিন সাধামত করেছি । তা তুমি ত তার অঙ্কে মদ খেয়েই উড়িয়ে দিলে !

চম্পটি । তা দেবোনা ? আর তুমি যে স্বর্গে যাবে ! তখন কি আমাকে সঙ্গে কোরে নিয়ে যাবে ?

রেবেকা । স্বর্গে যাবো ? কি রকম কোরে ?

চম্পটি । এই আমাকে থাইয়ে দাইয়ে যে পুণ্য কচ্ছ, সেই পুণ্যের জোরে স্বর্গে যাবে না ?

রেবেকা । Indeed !—I don't want it.

চম্পটি । তোমাঙ্গ যেতেই হবে ।

রেবেকা । কক্ষণ স্বর্গে যাবো না । Never ! ঐ—plea ক'রে তুমি বোসে বোসে থাবে এই ঠিক করেছো । আমি বুঝতে পেরেছি ।

চম্পটি । পেরেছো না কি ? তোমার খুব বুঝি ত ।—তা যখন, darling !—সেটা বুঝতেই পেরেছো, তখন আর তা গোপন কর্ব না । আমি সত্যি বলছি, যে কাজ কর্তে গেলেই আমার মাথা ধরে ।

রেবেকা । মিথ্যা কথা—It is a lie.

চম্পটি । হাঁ শটা lie বটে, কিন্তু তাই বোলে সেটা আমার সামনে বলা তোমার উচিত হয়নি ।—তা যখন বুঝেই ফেলেছো, তখন সত্য কথাটা বলি ! To tell you the truth, আমার practice হচ্ছে না—তা আমি কি কর্ব !

রেবেকা । পড়্বে না শুন্বে না, effort কর্বে না, তা practice হবে কেমন করে ?

চম্পটি । এং ! সব বুঝে ফেলেছো দেখছি ।

[নেপথ্য] সাহেব বাড়ী হাঁয় ?

ଦ୍ୱିତୀୟ ଅଙ୍କ ।]

ପ୍ରାୟଶ୍ଚିତ୍ତ ।

[ପ୍ରଥମ ଦୃଶ୍ୟ ।

ଚମ୍ପଟି । [ସ୍ଵଗତ] ଏ ଆବାର କେବେ । ଏ ଯେ ନାରୀ-କଠ ଦେଖୁଛି
[ପ୍ରକାଶ୍ୟ] ଯାଓ ଯାଓ ;—ରାନ୍ଧାଟା ଦେଖଗେ dear ! ଏକଜନ client ଏଇ
ଗଲା ଶୁଣୁଛି ।

[ରେବେକାର ପ୍ରଶ୍ନ ।]

ଚମ୍ପଟି । ଏହି ବେଳାରା ! ଥାନସାମା ! ବାବୁଚି—କେ ଏସେହେ ଡେଖୋ—
ଏହି ଚାପରାସୀ—ଏହି କେଉଁ ଯେ ଉତ୍ତର ଦେଇ ନା । ତାଦେଇ ବା ଅପରାଧ
କି । ଏକଟା cook ଆଛେ, ସେଇ ଥାନସାମା, ସେଇ ବେଳାରା, ସେଇ ଚାପରାସୀ,
ସେଇ cook । ବୋଧ ହୁଯ ବାଇରେ ଟାଇରେ ଗିଯେଛେ । ଏହି, come in—

[ସରୋଜିନୀର ପ୍ରବେଶ ।]

ଚମ୍ପଟି । [ସ୍ଵଗତ] ଏ କି ରକମ ବ୍ୟାପାର ?—ଏ ତ ଚେହାରାଥାନା
ମନ୍ଦ ନୟ ।

ସରୋଜିନୀ । ଆପନାର ନାମ କି ଚମ୍ପଟି ସାହେବ ।

ଚମ୍ପଟି । ହାଁ ଲୋକେ ଟ ବଲେ ।—ତା କି caseଟା ନା ଶୁଣିଲେ opinion
ଡିଟେ ପାଇଁ ନା । Forgery ? perjury ? chicanery ? Breach
of trust ? Criminal misappropriation ?—

ସରୋଜିନୀ । ଆରେ ଶୁଣନ ନା । case ଏକଟା ତ ବଟେଇ । କାଳ ବିକାଳେ
ଆପନି ଏକବାର ଆମାର ସଥୀର ଓଥାନେ ଗିଯେ କେମ୍ଟା ନିଜେଇ ଶୁଣିବେନ ।

ଚମ୍ପଟି । ଆପନାର ସଥୀଟି କେ ?

ସରୋଜିନୀ । ନବୀନମାଧ୍ୟବ ବାବୁର ବିଧବୀ ଶ୍ରୀ ।

ଚମ୍ପଟି । Widow ! will case ବୁଝି ? ତୀର ବାଡ଼ୀଟି କୋଥାରେ ?

ସରୋଜିନୀ । ଶ୍ରାମବାଗାନ ରାମକର୍ମଳ ମୁଖୁର୍ଯ୍ୟର ଗଲି ।

ଚମ୍ପଟି । ମେ ଆବାର କୋନ୍ ଯାଉଗାନ୍ ?

ସରୋଜିନୀ । ଏହି ଚିଂପୁର ରୋଡ୍ ଦିର୍ଘେ ବରାବର ଉତ୍ତର ଦିକେ ଚ'ଲେ
ଯାବେନ ।

দ্বিতীয় অঙ্ক ।]

প্রায়শিত্ব ।

[প্রথম দৃশ্টি ।

চম্পটি । [নোটবহি বাহির করিল্লা নোট নিতে নিতে] ধর, গেলাম ;
—টার পর ?

সরোজিনী । তার ধর টামের আস্তাবল জানেন ত ? তারি
দক্ষিণ ঘেঁসে যে গলি গিয়েছে, তা দিয়ে চুক্বেন ।

চম্পটি । চুক্লাম ।

সরোজিনী । তার পর দক্ষিণ দিকে একটা গলি দেখতে পাবেন,
সেই যায়গাটায় বাঁয়ে হেলবেন ।

চম্পটি । শ্রীকৃষ্ণের মট !—আচ্ছা হেল্লাম ।

সরোজিনী । তার পর একটু থানি সেঁধিয়ে দেখবেন, ডাইনে একটা
শুঁড়ির দোকান আর বাঁয়ে একটা কদমগাছ ।

চম্পটি । কডম গাছ ? যার টলায় শ্রীকৃষ্ণ বাশী বাজাটেন ?

সরোজিনী । আজ্ঞে না । সে কদমগাছটা ঠিক কলিকাতায় নয়,
সেটা বুন্দাবনে ।

চম্পটি । হাঁ হাঁ টা বটে ।—টার পর !

সরোজিনী ।—তার পর একটা কদমগাছ, বুঝলেন ?

চম্পটি । হাঁ বুঝলাম ! কডম গাছ ।

সরোজিনী । কদম গাছ ।

চম্পটি । [সঙ্গে সঙ্গে] গাছ—

সরোজিনী । সেই কদম গাছের পাশে একটা মঘরার দোকান ।

চম্পটি । ডোকান ।

সরোজিনী । সেই দোকানের সামনে বাগানওয়ালা বড় বাড়ী ।

চম্পটি । বুঝিছি । আর বল্টে হবে না । কটার সময় ?

সরোজিনী । এই বিকেল ৪টে ।

বিতীয় অঙ্ক ।]

প্রায়শিত্ব ।

[বিতীয় দৃশ্য ।

চম্পটি । বাঃ ! ঐ সময় ঠিক আমার leisure আছে বটে ।—caseটা কিসের ? Will case বুবি ?

সরোজিনী । তা সেখানেই শুনবেন এখনি—

চম্পটি । আচ্ছা !—আমার আজ কাল নিঃশ্঵াস ফেল্বার অবসর নেই ।—টা যাবো ।—Widow'র case কি না । টা যাবো । ঠিক যাবো ।

সরোজিনী । হঁযাবেন, আর চেহারাখানা একটু মেজে ঘসে' যাবেন ।

চম্পটি । এঁয়া—চেহারা !—তার সঙ্গে caseএর কি সম্বন্ধ ?

সরোজিনী । আছে । দেখতে পাবেন ।—এখন তবে আসি ।

চম্পটি । আচ্ছা—Good-bye, madam.

[সরোজিনীর প্রস্থান]

চম্পটি । এ কি রূকম case বোৰা যাচ্ছে না । Illicit love নাকি ?
তা খুঁজে খুঁজে লোক পাকড়েছে ত খুব ।—এই চেহারা ! আর কিছু নয় ।
এই চেহারাখানা নিয়ে আমি ব্যতিব্যস্ত হয়েছি । যে দেখে সেই কি love'এ^ও পড়ে ! I am quite disgusted with this চেহারা । [প্রস্থান]

বিতীয় দৃশ্য



স্থান—ইন্দূমতীর শয়নকক্ষ । কাল—মধ্যাহ্ন ।

ইন্দূমতী ও সরোজিনী ।

ইন্দূমতী । সথিরে ।

সরোজিনী । কি ।

ইন্দূমতী । কি দেখলাম ।

দ্বিতীয় অঙ্ক ।]

প্রায়শিত্তি ।

[দ্বিতীয় দৃশ্য ।

সরোজিনী । কি দেখলে ?

ইন্দুমতী । সেই অপূর্ব মোহন বক্ষিষ্ঠাট । কি চেহারা । আহা
সেই মধুর গোফ—যেন মদনের ফুলধনু । সেই কাণ—যেন মুর্শিদাবাদের
জিলাপি । আর সেই নাক, যেন শামের বাঁশি—কেবল বাজে না—এই
যা তফাং !—মরি মরি ।—

সরোজিনী । কে বল্লে বাজে না ? যুমের ঘোরে একটু আধটু
বাজেও বা ; যদিও সে স্বর ঠিক শামের বাঁশির মত মধুর না হ'তে
পারে ।

ইন্দুমতী । সখিরে—সে স্বর আমার কাছে রসনচৌকি ।

সরোজিনী । তা'লে বর পছন্দ হয়েছে ?

ইন্দুমতী । পছন্দ—সখি ! তুমি নেহাইৎ অপ্রেমিক, শুধু পছন্দ ?
তার চেষ্টে চের বেশী । চম্পটিকে দেখে আমি একেবারে সখি—
একেবারে পা হড়কে, ডুবজলে ;—তলিয়ে গিইছি—হাবুড়ুরু থাচ্ছি,
আমাতে আমি আর নেই । বাস্তবিক সখি, আমি আর নেই ।

সরোজিনী । সে কি ? নেই কি ? জলজ্যান্ত বর্তমান রয়েছো
দেখছি ।

ইন্দুমতী । তুমি কিছু বুঝতে পাচ্ছ'না, সখি ! রইছি যে দেখছো
সে কেবল এই শরীরটা । তার ভেতর হৃদয় বলে একটা পদার্থ থাকে
জানো ?

সরোজিনী । হঁ। কবিরা বলেন বটে ।

ইন্দুমতী । সেটা নেই ।

সরোজিনী । সেটা কোথায় গেল ?

ইন্দুমতী । সেটা চুরি গিয়েছে ।

দ্বিতীয় অঙ্ক ।]

প্রায়শিত্ব ।

[দ্বিতীয় দৃশ্য ।

সরোজিনী । চুরি গিয়েছে ? পুলিশে থবর দেবো নাকি ?

ইন্দুমতী । এং ! তুমি বুঝেও বুঝবে না । কথাটা হচ্ছে এই, যে এখন চম্পটির সঙ্গে শীগুগির বিষে হওয়াটা মানসিক হিসেবে নেহাইৎ দরকার হ'য়ে পড়েছে ।

সরোজিনী । সেটা এতক্ষণ সোজা ভাষায় বলেই হোত ।

ইন্দুমতী । সোজা ভাষায় কবিত্ব হয় না ।

সরোজিনী । কবিত্ব নাই বা হ'ল, কাজ হলেই হ'ল । এখন আমাকে কি কর্তৃ হবে বল দেখি ।

ইন্দুমতী । আমি রাধার মত বিরহিণী হয়ে বসে আছি । তুমি আর একবার আমার বিনেছতী হয়ে, চম্পটির শামের কাছে যাও । আর তাকে গিয়ে আমার হয়ে বলগে, “বঁধুয়া কি আর কহিব আমি—

সরোজিনী । আমি তা বলতে পার্বোনা, যা বলতে হয়, তুমি একখান চিঠিতে লিখে দাও । আমি পত্রবাহিকা হয়ে যাবো । চিঠি লেখো ।

ইন্দুমতী । চিঠি ?

সরোজিনী । হঁ। চিঠি ।

ইন্দুমতী । চিঠি ! পত্র ? লিপি ? হঁ। চিঠিই ত লিখবো বটে । —ভাগিস্তুমি বলে । আমি যে কি কর্ক ভেবে পাঞ্চলাম না ।

সরোজিনী । না, তা পাবে কেন ? তুমি একেবারে কাঁচা খুকিটি কি না ? কিছু ত জানো না ।—এখন যাও, শীগুগির একখান চিঠি লেখো গে ! আমিও তৈরি হয়ে নেই । বাপ ! নিজের বিষের সঙ্গে খোজ নেই, পরের বিষের ঘটকালী কর্তে কর্তে প্রাণটা গেল !—চল ।

ইন্দুমতী । রোস একটু কবিত্ব কোরে নেই ।—চম্পটি ! চম্পটি !

দ্বিতীয় অঙ্ক ।]

প্রায়শিক্ষিত ।

[তৃতীয় দৃশ্য ।

চম্পটি—? [মুখ চাকিয়া]—আহা কি মধুর নাম । চেহারার উপযুক্ত নামই
বটে । আর পোষাকটা ও ঠিক শুধুমের মত না হলেও, মন্দ নয় । আর
গলার আওয়াজও ঠিক যেন—একেবারে চটী জুতো । আর নাক !—আঃ
কি নাক !—চম্পটি হে, তোমার পোষাক ভালো, নাম ভালো, গলার স্বর
ভালো—কিন্তু সব চেয়ে ভালো তোমার ঐ নাকটা । [প্রস্থান]

সরোজিনী । ক্ষেপেছে !—সঁথী আমার ক্ষেপেছে ।—আর সত্য
কথা বল্তে কি, আমিও ক্ষেপেছি কিছু কম নয় । ভালোবাস্ত্বে
সকলেই কি সমান পাগল হয় ? চম্পটি যা হোক এক রকম একটা
মহুষ্য ; কিন্তু আমি ভালোবাসি যে একটা জানোয়ারকে । বুঝি,
যে সে জড়, অপদার্থ, পশ্চ, তবু তাকে ভালোবাসি । ভালোবাসাটা
ভারি গোলমেলে ব্যাপার দেখা যাচ্ছে ।—বাক । সঁথীর বিয়ের পরই
আমার বিয়ে । যাই ।—না, রোম যাবার আগে আমিও একটু কবিতা
কোরে নেই । [স্বরে]—বিনোদবিহারী ! আহা—বিনোদবিহারী !
ওহো—বিনোদবিহারী হে—কি বল্বো, বল্তে বল্তে গলা আটকে গেল,
নইলে একটু বল্তাম, ছাড়তাম না । [প্রস্থান]

তৃতীয় দৃশ্য



স্থান—উমেশের বহির্বাটী । কাণ—সন্ধ্যা ।

উমেশ ও স্বকেশিনী ।

উমেশ । ওগো শোনো !—বলি শুনছো ? পাড়ার লোকে ত সব
ধোঁট করেছে—আমাকে একবরে কর্বে । মেঘে বড় হয়ে উঠলো,
তার বিয়ে না দিলে ত আর জাত থাকে না ।

দ্বিতীয় অঙ্ক ।]

প্রায়শিত্তি ।

[তৃতীয় দৃশ্য ।

সুকেশনী । মেঘের বিষ্ণে আবার কি !

উমেশ । সেটা ত দিতে হবে ।

সুকেশনী । দিতে হবে, সে নিজে কর্বে ।—পাথা কর ; বড় গরম ।

উমেশ । [পাথা করিতে করিতে] সে যদি না করে ।

সুকেশনী । না করে না কর্বে ।—কুমালটা তুলে দাও ।

উমেশ । [আদিষ্টবৎ করিয়া] কর্বে কি না কর্বে—তা জানাও ত
দুরকার ।

সুকেশনী । সে আমাকে বলেছে যে সে বিষ্ণে কর্বে না ।—দুরজাটা
বন্ধ কর, বড় draught আসছে ।

উমেশ । [আদিষ্টবৎ করিয়া] তবে কি কর্বে ?

সুকেশনী । চাকরি ।—চোরটা সরিয়ে দাও ত, পা রাখি ।

উমেশ । [আদিষ্টবৎ করিয়া] চাকরি ! মেঘে চাকরি কর্বে ?

সুকেশনী । তার মধ্যে আশ্চর্য্যটা কি দেখলে ? মেঘেরা যদি
চাকরি না কর্ত ত চাকরাণী পেতে কোথা থেকে ? বেথুন কলেজ চলতো
কোথা থেকে ? Miss Mary Anderson হোত কোথা থেকে ?—
নাঃ দুরজাটা খুলে দাও বড় গরম হচ্ছে ।

উমেশ । [আদিষ্টবৎ করিয়া] তবে মেঘে চাকরি কর্বে ?

সুকেশনী । আমি তাকে Telegraph আফিসে চাকরি করে'
দেবো । আর তা'র চাকরি করাই বা দুরকার কি ? তোমার অনেক
টাকা আছে ত । তুমি রেখে যাবে, সে বোসে বোসে থাবে ।—জুতোর
ফিতেটা বেঁধে দাও ত ।

উমেশ । [আদিষ্টবৎ করিয়া] সিঙ্কাস্তটা মন্ত করনি । তবে তাতে
আমার একটু আপত্তি আছে ।

দ্বিতীয় অঙ্ক ।]

প্রায়শিত্ব ।

[তৃতীয় দৃশ্য ।

সুকেশনী । হঁঁ ! তোমার আবার আপত্তি—তুমি ত এক ভারি
লোক !—তুমি কি আজ বেরোবে ?

উমেশ । হাঁ সেই রকম ত মনে কচ্ছি, যদি অনুমতি পাই ।

সুকেশনী । আচ্ছা বেরোতে পারো । তবে সন্ধ্যার আগে ফিরে
আসবে । আমার নভেলটা আর খানিক dicate কর্ব ।

উমেশ । আবার !—সমস্ত দিন লিখে আঙুলগুলো ব্যথা হয়ে
গিয়েছে ।

সুকেশনী । তুমি ভারি lazy হচ্ছ । নভেলটা শেষ হয়ে এসেছে
প্রায় । তবে নায়ক আর নায়িকা এত তফাত পড়ে' গিয়েছে, যে তাদের
আবার একত্র করা difficult হয়েছে । এ যাবগায় যদি নায়িকাকে
মেরে ফেলা যায়, তাহ'লে tragedy হয়, আর নায়ককে মেরে ফেলে
comedy হয় । কি কর্ব ভেবে উঠ্টে পারিনি !—নভেলটা লাগ্জে
কেমন ?

উমেশ । অতি সুন্দর—তবে কি না বুঝে উঠ্টে পাচ্ছিনে ।

সুকেশনী । Idiot !—শোন দিধি, ছেলেটা কান্দছে যেন । [কাণ
পাতিঙ্গা] হাঁ কান্দছেই ত বটে । যাও, দুধ খাইয়ে এস । কাল ছেলেটাকে
মেরে ফেলেছিলে আর কি ! দুধ খাওয়াতেও জানো না ।

উমেশ । না, ওটা কখন শেখা হয় নি ।

সুকেশনী । যাও, ছেলেটাকে দুধ খাওয়াওগে । আমি বেরোবো ।—
ছেলেটা কাহিল হয়ে যাচ্ছে । তুমি ত দিন দিন নিজে মুটোছ ।

উমেশ । ঈ অৰ্চনণের আশীর্বাদে ।

ক্রতবেগে সুবেশনী ও তৎপৰ্যায়ে রঘেশের প্রবেশ ।

সুবেশনী । দেখ ত সুকেশনী ।

দ্বিতীয় অঙ্ক ।]

প্রায়শিক্তি ।

[তৃতীয় দৃশ্য ।

রমেশ । দেখ ত উমেশ !

উমেশ ও সুকেশিনী । কি ? কি ? ব্যাপার খানাটা কি ?

রমেশ । আমি বলছি, যে ওঁর বন্ধুভবাবুর বাড়ীতে বাওয়া হবে না ।

সুবেশিনী । তোমার কথায় ?

রমেশ । আমার কথাটা কি গ্রাহের মধ্যেই হ'ল না ।

সুবেশিনী । আচ্ছা, তোমার reasons শুনি । পরে যদি সঙ্গত হয়, বিবেচনা করা যাবে ।

রমেশ । তবে শোন তার সঙ্গে আমার বনিবনাও নেই ।

সুবেশিনী । নাই বা থাকলো, আমার সঙ্গে ত আছে ।—কি বল সুকেশিনী ?

সুকেশিনী । হাঁ বটেই ত ।

রমেশ । তুমি আমি কি ভিন্ন ?—কি বল উমেশ ?

উমেশ । সত্যিই ত ।

সুবেশিনী । ভিন্ন নই । তুমি খেলে কি আমার পেট ভরে ?—কি বল সুকেশিনী ?

সুকেশিনী । Quite so.

রমেশ । তা গাও । বেশ, আমিও যেখানে খুসী যাবো ।—কি বল উমেশ ।

সুবেশিনী । বটে ! তুমি আমি কি সমান ?

রমেশ । হাঁ সমান ।

সুবেশিনী । তুমি ত আমার ভারি অবাধ্য হচ্ছ ?—কি বল সুকেশিনী ?

রমেশ । আর উনি আমার ভারি বাধ্য !—কি বল উমেশ ?

দ্বিতীয় অক ।]

প্রায়শিক্তি ।

[তৃতীয় দৃশ্য ।

সুহাসিনীর প্রবেশ ।

সুহাসিনী । কি, তুমি এখনে স্বেশিনী ? আমি যে তোমার বাড়ী
হোয়ে এলাম । কি ! মিষ্টির সেন গুপ্ত যে এখানে ?

রমেশ । [গভীর বিরক্ত স্বরে] হা, তাই কি ?

সুহাসিনী । লাহিড়ী আর মিসেস্ লাহিড়ী ষে চুপ ।

উমেশ । কি আর বল্বো দিদিঠাকরণরা, এই আপনাদের গতিক
দেখে ।

সুহাসিনী । চল স্বেশিনী, চল স্বকেশিনী । Late হয়ে যাচ্ছে ।
আমার husband বাড়ীতে । আমার আসাতে তাঁর ভারি আপত্তি ।
তা আমি তাঁকে বুঝিয়ে স্বীকৃত, যুম পাড়িয়ে রেখে এলাম ।

উমেশ । বেশ করেছেন । উপর্যুক্ত স্তৰীর কাজই করেছেন ।

উর্কশাসে পরেশের প্রবেশ ।

পরেশ । কৈ ? কৈ ?

উমেশ । কে ? কে ?

সুকেশিনী । জীকে খুঁজছেন নাকি ? এই যে তিনি ।—ভয়
পাবেন না ।

সুহাসিনী । কি ? উর্কশাসে আমার পিছনে পিছনে ছুটেছো বুঝি ?
—একটু decencyও নেই !

পরেশ । কি কর্ব ? —তোমরা যা করে তুলেছো—

কুকু বাধিতওঁা করিতে করিতে স্বরেশ ও

সুভাষিণীর প্রবেশ ।

স্বরেশ । কতি নেই ।

সুভাষিণী । আলবৎ ।

দ্বিতীয় অঙ্ক ।]

প্রায়শিত ।

[তৃতীয় দৃশ্য ।

সুরেশ । নেহি হোগা । যানে নেই দেগা ।

সুভাষিণী । চুপ্ রহো ।

অন্ত সকলে । কি ? কি ? হয়েছে কি ?

সুরেশ । বল্লভ বাবুর partyতে আমার wifeকে আমি যেতে দেবো না ।

সুভাষিণী । আমি যাবোই ।

সুরেশ । কেমন যাও দেখি ।

সুভাষিণী । কেমন রোখো দেখি ।

পুরুষগণ । না কথন তা হবে না ।

নারীগণ । Get away.

[পুরুষদিগকে ধাক্কা দিয়া ফেলিয়া নারীগণের প্রস্থান]

[নব্য হিন্দুরা উঠিয়া, ধূলা ঝাড়িয়া, বিশ্঵য়ে হতবুদ্ধিবৎ

ক্ষণেক নিষ্ঠুর হইয়া হাঁ করিয়া রহিলেন]

উমেশ । তাইত ! তাইত ! ব্যাপারটা ক্রমেই গুরুতর হয়ে দাঢ়ালো যে হে ।

রমেশ । তা আর বোলে ! দেখ দেখি, এঁরা যখন খুসী, যেখানে খুসী যাবেন । আর আমরা গেলেই যত দোষ ।

পরেশ । [মরিয়াতাবে] যাক না । কি করবে ? ভাত রেঁধে দেবে না ? ব্যস্ত ! চিড়ে খেয়ে থাকবো ।

সুরেশ । না হে না শুধু চিড়ে নয় ? ঈশ্বর ছটো কাণ দিইছিলেন তা যে আর থাকে, তা ত বোধ হচ্ছে না ।

উমেশ । সত্ত্ব ।—দেখ দেখি, গত শনিবার বাড়ী আস্তে কতই

দ্বিতীয় অঙ্ক ।]

প্রায়শিক্তি ।

[তৃতীয় দৃশ্য ।

রাত হইছিল ? ন'টা ও হবে না । তা গিয়ে দেখি আহারের দফায় শূন্য,
আর গৃহিণীও থাটের উপর লম্বা ।

পরেশ । ওহে সে ত ভালো । আমার অভ্যর্থনার সরঞ্জম একেবারে
এই—[অঙ্কচন্দ্র দেখাইলেন] দুঃখের খুল্লে না, উঠোনেতেই শুতে হোলো ।

সুরেশ । তোমরা ত একরকম নির্বিবাদে শুতে পেইছিলে । আমার
গৃহিণী আমি ফির্কা মাত্র ‘চোর চোর’ বলে কুকুর লেলিয়ে দিলে । আমি
একেবারে দোড় ।—শেষে একটা বটতলায় রাত্রি যাপন ।

উমেশ । [স্বরেশকে] আর তোমার অবস্থা কি রূপম হইছিল ?
তুমি যে কথা কছ না !

সুরেশ । [করুণভাবে মাথা নাড়িলেন ।]

উমেশ । কিছু হইছিল না কি ?

সুরেশ । দাদা ! সে কথা আর শুনে কাজ নেই । সে কথা শুন্লে
শেমাল কুকুরে কাঁদে ।

সকলে । কেন ? কি ? কি ?

সুরেশ । আর কি ? একেবারে সম্মার্জননী ।—এই পিঠ দেখ !—
টিপোনা হে, লাগে ।—আস্তে !—[পিঠ দেখাইলেন]

উমেশ । আহা ! তাইত ! তাইত ! করেছে কি ?

সুরেশ । আমি বল্লাম “এবারটা ক্ষেমা দে” ! তা সে আরও
জোরে ! উহু হ হ !!! [ক্রমন]

উমেশ । [পৃষ্ঠে হস্ত বুলাইয়া] বল । কেঁদো না—

সুরেশ । আমি সেই রাতেই গিয়ে থানায় এজাহার দিয়ে এইছি ।

পরেশ । বেশ করেছো ।

সুরেশ । হা আমি এখন ‘মরিয়া’ হইছি ।

দ্বিতীয় অঙ্ক ।]

প্রায়শিক্তি ।

[চতুর্থ দৃশ্য ।

রমেশ । কিন্তু এই বিপদের একটা পথ দেখতে হচ্ছে ।

উমেশ । তখনি ত বলিছিলাম বাপু, কেঁচো খুঁড়তে খুঁড়তে সাপ
বেরোবে ! তা ত শুন্লে না ।

পরেশ । কি-করা যায় বল দেখি—আর ত পারা যায় না ।

সুরেশ । চল, emigrate করা যাক । দেশ ছেড়ে চলে' যাই ।
ওঁদের আর কোন তক্ষাই রাখ্বো না ।

উমেশ । যত সব আজগুবি প্রস্তাব । চাকরি ছেড়ে যাবে কোথায় ?
গিয়ে থাবে কি ?—চল, এখন বাড়ী চল । ওঁদের পায়ে টায়ে ধরে' এখন
একটা সন্ধি করে' ফেলা যাক ।

রমেশ । হাঁ দোষ ত আমাদেরই !

পরেশ । কি বল সুরেশ ! স্ত্রীশিক্ষার আর নাম কর্বে ?

সুরেশ । এই নিজের কাণ মলছি বাবা ! আর না । পুরোণো
চালই দেখছি ভালো । তাতে বাড়ে ।

[নিষ্ঠাস্তি ।]

চতুর্থ দৃশ্য

চলচ্চিত্র

স্থান—চম্পটির আপিস কামরা । কাল—অপরাহ্ন ।

চম্পটি । [পরিভ্রমণ সহকারে] চেহারাখানা খুব যুত্সৈ নয়ঃ।
আর যত দূর দেখা গেল, তাতে figure ত কোন রূক্ষ টের পাওয়া
গেল না । আর বয়সটাও ঘেন একটু ওপর কোটায় পৌছিবেছে ।—তা

[৫৯]

বিতীয় অঙ্ক ।]

প্রায়শিত ।

[চতুর্থ দৃশ্য ।

হোক । বাবা ! লাখ টাকা, সোজা নয় । No joke !—আমি ছাড়ছি
নে । হঁঃ ! practice !—আর practice কচ্ছিনে । এই রকম
পায়ের উপর পা রেখে থাবো । এই চেহারাধানার দাম সত্তি সত্ত্যই
দেখছি যে লাখ টাকা ! [মুকুরে স্বীয় মূর্তি দেখিয়া] ঈশ্বর কিন্তু চেহারা-
ধানা খুব দিইছিলেন । মরি মরি !—কি জ ! আর এই গেঁফ জোড়াটা—
ওঁ—grand ! সকলের চেয়ে ভাল কিন্তু এই নাকটা,—একেবারে
Grecian.—

[সরোজিনীর প্রবেশ ।]

সরোজিনী । এই যে চম্পটি সায়েব ।

চম্পটি । এ কে, সখী যে !—এস এস । You are thrice
welcome—খবর কি ?

সরোজিনী । আমার সখী ত একেবারে পাগল ।

চম্পটি । পাগল ! কেন ? what is the matter !—কি
হল্লেছে ! mad !

সরোজিনী । mad fad নয় কিন্তু quite as bad.—আমরা ও
আজ কাল একটু একটু ইংরাজী পড়ে' থাকি ।

চম্পটি । Of course. আজ কাল progress-এর দিনে কি
তোমরাই অশিক্ষিত থাকবে ? “ভারত শুধুই ঘুমায়ে রয়” ?—তা এখন
কি ব্যাপার ? তবে mad নয় ?

সরোজিনী । তারি দাখিলাই ! আপনার চেহারা দেখে ত আমার
সখী একেবারে ক্ষেপে গিল্লেছেন ।

চম্পটি । ওঁ—মোটে এই !—By Ajax ! তা আর অশ্চর্য্যটা
কি ? Oh my ! চেহারাধানা বোলে চেহারাধানা !—এ চেহারা

দ্বিতীয় অঙ্ক ।]

প্রায়শিত্ত ।

[চতুর্থ দৃশ্য ।

দেখে ক্ষেপ্তবে না ? তোমার স্থী ত তোমার স্থী । বিলাতে মেমেরা—
বুবলে স্থী, খাঁটি মেমেরা—এই চেহারাথানা দেখে কি কর্ত, জানো !
সরোজিনী । কি কর্তো ?

চম্পটি । শুন্বে ? তবে শোন—Will you believe me ?—
আমি রাস্তা দিয়ে যেতাম, আর রাস্তার ছধারে যত মেম—ধপাধপ,
ধপাধপ, ধপাধপ ।

সরোজিনী । সে কি ?

চম্পটি । পড়ে' যেত ।—বুবলে না ?—fainted, মুছু' যেত ।

সরোজিনী । ভয়ে ?

চম্পটি । Innocent creature ! বুব্তে পাছ' না ? ভয়ে না ।

প্রেমে, প্রেমে ।

সরোজিনী । বলেন কি ?

চম্পটি । চেহারাথানা—রং একটু কালো বটে—কিন্তু চেহারা-
থানা স্থি—একবার চেয়ে দেখো !

সরোজিনী । [নিরীক্ষণ করিয়া] না ;—বেশ চেহারা ।

চম্পটি । এং ! মুক্তিল কল্লে'। তুমিও প্রেমে পড়লে নাকি ?—
দেখো তুমি প্রেমে পড়োনা যেন । আমি একা মাঝুষ, কত দিক
সাম্ভাব্যো ।

সরোজিনী । না, আমি সাম্ভলে গিইছি ।

চম্পটি । বেশ করেছো ।—এখন তোমার স্থীর খবর কি ?

সরোজিনী । তিনি একথান চিঠি দিয়েছেন ।

চম্পটি । চিঠি ! letter ! epistle !—By Damocles ?—
দেও দেও ! এতক্ষণ দেও নি ?

ଦ୍ୱିତୀୟ ଅଙ୍କ ।]

ଆୟଶିତ ।

[ଚତୁର୍ଥ ଦୃଶ୍ୟ ।

ସରୋଜିନୀ । ସମସ୍ତ ପେଲାମ କୈ ? ଆପନାର ଚେହାରାର ବାଖ୍ୟା
ଉନ୍ବୋ ? ନା ଚିଠି ଦେବ ? ଏହି ନେନ—[ପତ୍ର ପ୍ରଦାନ ?]

ଚମ୍ପଟ । ସଥି !—ତୁମି ଐ ଚେଷ୍ଟାରେ ବୋସ । ଯେହେତୁ ତୁମି ଆମାର
ପ୍ରିୟତମାର ସଥ୍ବୀ, ସେହେତୁ ଆମାର ଓ ସଥ୍ବୀ—କିଛୁ ଥାବେ ?

ସରୋଜିନୀ । ଆଜ୍ଞେ ନା । [ଉପବେଶନ]

ଚମ୍ପଟ । ଚା ? toast ? ଡିମ ? roast ? whisky ? champagne ? claret ?—କିଛୁ ନା ? ବଲ କି ? ଆଜ୍ଞା, ତବେ ଏଥାନେ
ବୋସ ! ଆମି ଚିଠିଧାନା ପଡ଼େ ନେଇ—

ସରୋଜିନୀ । ପଡ଼ୁନ ।

ଚମ୍ପଟ । [ପତ୍ର ପାଠ] Well ! I never !—just the thing !
ବାଃ !—ନିଶ୍ଚଯ ! ସଥି, ନିଶ୍ଚଯ । ମେ ବିଷୟେ ଆର ସନ୍ଦେହ ଆଛେ ?
Shake hands, my dear. [ହସ୍ତ ଧରିଲେନ]

ସରୋଜିନୀ । ଓ କି ଛାଡ଼ୁନ ନା ।

ଚମ୍ପଟ । ତାଓ ତ ବଟେ । ଏ ଦେଶେର ଓ ପ୍ରଥା ନୟ ବଟେ ! Barbarous
country କି ସାଧେ ବଲି ?—ତା ଯାଓ ଏଥନ । We meet under
better stars.

ସରୋଜିନୀ । ମନେ ଥାକେ ଯେନ ।

ଚମ୍ପଟ । ମନେ ଖୁବ ଥାକୁବେ ।

[ସରୋଜିନୀର ପ୍ରଶ୍ନାନ]

ଚମ୍ପଟ । [ପତ୍ରପାଠ] ଯା ଭେବେଛି ତାଇ ! ଦେଖି ;—ପ୍ରଥମେ “ପ୍ରିୟତମ”
which being translated into civilised language means—
“O my darling !” “ବୀଧୁମା କି ଆର କହିବ ଆମି, ଜନମେ ଜନମେ ଜୀବନେ
ମରଣେ ପ୍ରାଣନାଥ ହୈମୋ ତୁମି” କି କଟମଟ language ବାବା ! ଏର ମାନେ
ଥାବେ ?]

দ্বিতীয় অঙ্ক।]

প্রায়শিক্তি।

[চতুর্থ দৃশ্য।

কিন্তু বেশ বোৰা যাচ্ছে। “Be you my husband”—ওঁ ! সে বিষয়ে আৱ কথা ! বাবা ! লাখ টাকা। সোজা নন্ম ! তাৱ পৰে “দাসী অৰুণে”—আহা ! ঘেন চিঠিখানাতে মধু ছড়িয়ে দিয়ে গিয়েছে গা !—পিংপড়ে লাগিনি ত ?—By Jove ! it is luck !—তবে—ৱেবেকা ! তাও ত বটে !—একটা স্ত্ৰী যে already রঞ্জেছে ; সে না মলে' আমাৰ বিষ্ণে হয়ই বা কেমন কৰে' ? শেষে কি bigamy-এ charge-এ পড়বো ? এঁ কি হাঙ্গামায়ই পড়িছি ! তা রেবেকা আমাৰ, জগ্নে মৰ্কে প্ৰস্তুত হতে পাৱে। যে ভাল বাসে ! দেখি,—ৱেবেকা কি বলে !—Rebecca, Rebecca.

ৱেবেকাৰ প্ৰবেশ।

ৱেবেকা। What dear !

চম্পটি। ৱেবেকা dear, তুমি মৰো।

ৱেবেকা। “মৰো” কি রকম !

চম্পটি। অৰ্থাৎ die বুৰুছোনা dear !—just go—and hang yourself like a good girl. There's a dear ! go.

ৱেবেকা। Why should I hang myself ?

চম্পটি। যদি তোমাৰ hanging-এ আপত্তি থাকে, I would not insist on it. না হয় prussic acid থাও, কিন্তু railway engine-এৰ নীচে পড়, কিন্তু dynamite দিয়ে তোমাৰ brains উড়িয়ে দাও, and thus die a civilised sort of death ; dear. I have no objection to it. শুধু তুমি মৰো, আৱ বেশী কিছু কৰ্ত্তে হ'বে না। শুধু মৰো। তুমি যদি এটা কৰ dear, তা'লে I shall be infinitely obliged to you ever afterwards.

ହିତୀସ ଅଳ ।]

ଆସିଛି ।

[ଚତୁର୍ଥ ଦୃଶ୍ୟ ।

ରେବେକା । I don't care. ମର୍ତ୍ତେ ଆମାର ବିଶେଷ ଆପନ୍ତି ଆଛେ ।

ଚମ୍ପଟି । ଆଛେ ନା କି ? ତାଓ ତ ବଟେ । By St. Augustine ! ତା ଆପନ୍ତି ତ ଥାକୁତେଇ ପାରେ ଦେଖୁଛି ।—କିନ୍ତୁ ତବେ ଏଥିନ ଉପାସ ?

ରେବେକା । କିମେର ଉପାସ ?

ଚମ୍ପଟି । ତୋମାର ମରୀ ଯେ ବିଶେଷ ଦରକାର ହୁଁ ପଡ଼େଛେ । ଏମନ କି, ତୁମି ନା ମରିଲେ ଏଥିନ ଯେ କୋନ ମତେଇ ଚଲୁଛେ ନା ।

ରେବେକା । କେନ dear ? Am I a thorn in your side ? ଆମି ରାଁଧ୍ଚି ବାଡ଼ୁଛି, ହିନ୍ଦୁ ଶ୍ରୀରାଇ ମତ ସରକଣ୍ଠା କରୁଛି ।

ଚମ୍ପଟି । ତା କରୁଛ ବଟେ ।—ତୁମି ଖୁବ ଲକ୍ଷ୍ମୀ । କିନ୍ତୁ କଥାଟା ହଜେ କି, ତୁମି ନା ମଲେ dear, ଯେ ଆମି ଲାଖ ଟାକା ।ose କରୁଛି ।

ରେବେକା । କି ରକମେ ?

ଚମ୍ପଟି । ଏହି ଆମାର ଏକଟା ଜୀକାଳ ରକମ ବିଯେର ସମ୍ବନ୍ଧ ଏସେଛେ । ମେସେ ହଜେ widow, ବାର୍ଷିକ income ଲାଖ ଟାକା ।

ରେବେକା । ଲାଖ ଟାକା ?

ଚମ୍ପଟି । ହଁ ଲାଖ ଟାକା । ତୁମି ଏଥିନ ଯଦି ଅନୁଗ୍ରହ କୋରେ ମର, darling !—ତା'ଲେ ଆମି ତୋମାର ଗୋଲାମ ହୋସେ ଥାକୁବୋ । ଆର ତୋମାକେ ଖୁବ ଭାଲବାସିବୋ ।

ରେବେକା । ଆମି ମରେ ଗେଲେ ଆର ଆମାକେ ଭାଲବେସେ କି ହବେ ?

ଚମ୍ପଟି । ତାଓ ତ ବଟେ । ଏ ତ ଭାରି ମୁକ୍କିଲେ ପଡ଼ିଲାମ ଛାଇ । କି ବୋଲେ ଯେ ବୋକାଇ !—ଦେଖ ତୁମି ଯଦି ଦସ୍ତା କୋରେ ମର, ତା'ଲେ ତୋମାର ଏମନ ଜୀକାଳେ ରକମ ଗୋର ଦେବ—ଯେ ସେ ଚମ୍ପକାର ! ବାଜି ପୋଡ଼ାବ, acety-

দ্বিতীয় অঙ্ক ।]

প্রায়শিত্ব ।

[পঞ্চম দৃশ্টি ।

line lamp-এর procession কর্ব, গোরার বান্ধি দেবো,—চাও ত
Australian string-band আন্বো ।

রেবেকা । তা ত বটে । কিন্তু জলজ্যান্ত মানুষটা, মৰ্ব কেমন
কোরে ? আমি মর্তে পার্বো না ।

চম্পটি । এঃ—স্ত্রীজাতটা কি unreasonable—কোন মতেই মর্বে
না ! নৈলে যে আমি লাখ টাকা lose কচ্ছি ছাই ।

রেবেকা । আচ্ছা মরা ছাড়া কি আর উপায় নেই ?

চম্পটি । ভেবে পাঞ্চিনে ত ।

রেবেকা । Why not divorce. If you must get rid of
me, why not divorce me on a false plea.

চম্পটি । By Madagascar—that is a brave idea—why
not divorce ? —Of course. You are angel dearest !
আমার বরাবর তাই বিশ্বাস । আমি সকলকে তাই বলে' এইছি ।
Divorce—of course.—আমি suit আন্বো না তুমি আন্বে ?
চল যাহোক্ একটা করা যাবে—শীঘ্ৰিৰ চল ; dearest—তুমি আমার—
তোমাকে আৱ কি বলবো ?—Oh derry derry darling ! তোমাকে
আমার যে মাতায় তুলে নাচ্তে ইচ্ছে হচ্ছে [গীত ও নৃত্য] Rom ti
rom ti tom,—tim tim tim. [প্ৰশ্নান]

রেবেকা । Fie ! Oh shame ! Is he a type of his nation,
I wonder ! I hope not. [চক্ষু আবৱণ ও প্ৰশ্নান]

—

ପଞ୍ଚମ ଦୃଶ୍ୟ

୯୮୩

ସ୍ଥାନ—ବିନୋଦେର ନୂତନ ବାଟୀ । କାଳ—ପ୍ରାହୁ ।

ବିନୋଦ ଓ ସରୋଜିନୀ ।

ବିନୋଦ । କେମନ ହଇଲ ! ଚମ୍ପାଟ ସାହେବ ଆର ବୋଠାରଣରେ କେମନ ଆକେଲ ଦିଇଛି । ଏଥନ କେଉଁ “ଗୁଲିଥୋର” ଚଟ୍ଟପଟି ସାହେବ ! ଏଥନ ଆମାର ଦାଦାର ଟାକା ଲହିସା ମଜା କର ବୋଠାରାଣ !—କି ବଳ ସରୋଜିନୀ ?

ସରୋଜିନୀ । କିନ୍ତୁ ତୁ ମି ଏଥନ ଆମାର ଭାଲବାସ୍ବେ ।

ବିନୋଦ । ତା ବାସବୋ ନା ଆମାର ମୋଣାର ଟାନ ? ତୋମାର ଜଣେଇ ତ ଏ ସମ୍ପଦି ପାଇଲାମ । ତୁ ମି ଯେ ଆମାରେ ଏତ ଭାଲବାସ ତା ଏତ ଦିନ କେଉଁ ନାହିଁ କ୍ୟାନ୍ ସରୋଜିନୀ ? ତା ହଇଲେ ଏ କାମ ତ ଆରୋ ଶୀଘ୍ରର ଉନ୍ଧାର କର୍ତ୍ତେ ପାର୍ତ୍ତାମ ।

ସରୋଜିନୀ । ତୋମାର ଜଣେ ଏଟା କରେଛି ବଟେ । କିନ୍ତୁ ନା ଜେନେ ଆମାର ସଥୀର ପ୍ରତି ନେମକହାରାମେର କାଙ୍ଗ କରେଛି ।—ଆମାର ମିନତି ତୁ ମି ଏ ବିଷୟ ଆମାର ସଥୀକେ ଫିରିଯେ ଦିଓ ।

ବିନୋଦ । ଓ ମୋଣାର ଟାନ ! ତୋମାର ଏତ କୋମଳ ପ୍ରାଣ ? ତା ଦିମୁ ଦିମୁ, ତୋମାର ସଥୀରେ କିଞ୍ଚିତ୍ ଟାକା ଦିମୁ । ଗୁଲିର ପୟସାର ଲହିଗେ ତାର ନିକଟ ତ ଆର ଚାଇତେ ହଇବେ ନା । ତାରେ ମାମୋସାରା କିଞ୍ଚିତ୍ ଦିମୁ ।

ସରୋଜିନୀ । କିନ୍ତୁ ନାଥ ! ତୋମାକେ ଗୁଲିଥାଓସା ଛାଡ଼ିତେ ହବେ ।

ବିନୋଦ । ସେ କି କେଉଁ ? ଏୟା ତ ଗିରିମେଣ୍ଟେର ମଧ୍ୟେ ଛିଲ ନା । ଗୁଲିର ଲୈଗେ ଏତ କୋର୍ଲାମ, ଗୁଲି ଛାଡ଼ିମୁ କେମନ କୈରା ?

ସରୋଜିନୀ । ଆମାର ଜନ୍ମ ଗୁଲି ଛାଡ଼ିତେ ହବେ ।

ବିନୋଦ । ଏ ସେ ବିଷୟେ ହଇତେ ନା ହଇତେ ବରଇ ଜ୍ୟବରଦସ୍ତି ଆରମ୍ଭ କର

ଦ୍ଵିତୀୟ ଅଙ୍କ ।]

ପ୍ରାୟଶ୍ଚିତ୍ତ ।

[ସଞ୍ଚ ଦୃଶ୍ୟ ।

ଦେଖି ।—ଆଜ୍ଞା ଦେଖମୁ ଦେଖମୁ—ହଁ ଗୁଲି ତ୍ୟାଗ କରନ୍ତମ ।

ସରୋଜିନୀ । ଆର ଆମାୟ ଚରଣେ ରାଥ୍ବେ ?

ବିନୋଦ । ଚରଣେ କି କଓ, ତୋମାରେ କୁଙ୍କେ କୈରା ରାଥୁମ । [ନିଷ୍କାନ୍ତ ।]

ସଞ୍ଚ ଦୃଶ୍ୟ



ସ୍ଥାନ—ଚମ୍ପଟିର ନୂତନ ଗୃହ । କାଳ—ପ୍ରଭାତ ।

ଚମ୍ପଟି ଏକାକୀ ।

ଚମ୍ପଟି । ବିଯେ କୋରେ ତ କୋନ ସ୍ଵିଧେ କରେ ପାନ୍ନାମ ନା ।
widow ବିଷୟଟା ହାତଛାଡ଼ା ହୟେ ଗେଲ ।—କେ ଜାନ୍ତ ଯେ ବିଧବୀ ବିଯେ
କଲେଇ ତାର ପୂର୍ବସ୍ଵାମୀର ବିଷୟ ହାରାୟ । ଆମି କୋଥାର ଲୁକିଯେ ବିଯେ
କଲ୍ପାମ, ପାଛେ କେଉ କେଡ଼େ ନେୟ—ତାର ଏହି ଫଳ । ପେଟୁକେର ଏହି ଦଶାଇ
ହୟେ ଥାକେ ।—ଏହି ଯେ ଆମାର ନବୀନା ପ୍ରେୟସୀ ଆସିଛେ । ମେଜାଜଟା
ଏକଟୁ ଗରମ କରେ ହବେ ।

ଇନ୍ଦ୍ରମତୀର ପ୍ରବେଶ ।

ଚମ୍ପଟି । ଆମାର ସଙ୍ଗେ ଜୁଚୁରି ।

ଇନ୍ଦ୍ରମତୀ । ହଁ ! ଜୁଚୁରି !—କିମେ ?

ଚମ୍ପଟି । ଦେଖିତେ ପାଞ୍ଚୋ ନା ? ନେକି !

ଇନ୍ଦ୍ରମତୀ । କି ଦେଖିତେ ପାଞ୍ଚିନେ ।

ଚମ୍ପଟି । ଯେ ଏ the frying pan ଥିକେ to the fire ହୋଲେ ।

ଇନ୍ଦ୍ରମତୀ । ସେ କି ?

ଚମ୍ପଟି । ବୁଝୁଛୋ ନା ? ନେକି ! ଏହି ତୋମାର ବିଷୟଟା ହାତଛାଡ଼ା

ষষ্ঠীয় অঙ্ক ।]

প্রায়শিত্ব ।

[ষষ্ঠ দৃশ্য ।

হোয়ে গেল । আর আমার ঘাড়ের একটা বোৰা নামতে না নামতে আর একটা বোৰা এসে পড়লো ।

ইন্দুমতী । তা আমি কি কৰি, আমার কি দোষ ? তুমি আমার বিয়ে কলে' কেন ?

চম্পটি । ‘কেন’ জান না ? তোমাকে কি বিয়ে করেছিলাম ? না তোমার টাকাকে বিয়ে করেছিলাম । তুমি ত একটা বিসর্গ । তা সে টাকা ত কপূরের মত উড়ে গেল । এখন ভাঁড়টা নিয়ে আমি কি কৰি ?

ইন্দুমতী । তা আমি কি কোৱে জানবো ? তুমি ত আইন জান্তে ।

চম্পটি । আরে আইনই যদি জান্তাম, তা'লে কি আর বিয়ে কর্তে যেতাম ?—practice কৰ্ত্তাম ।

ইন্দুমতী । [চক্ষে বন্ধ দিয়া ক্রন্দন]

চম্পটি । আর কাঁদতে হবে না । এখন তুমি নিজের পথ দেখ, আমি আমার পথ দেখি । আমি জানি, আমার জীবনে কোন রকম স্মৃবিধে হবে না । এ জীবনে যত রকম ঢলানো যেতে পারে তা ঢলিইছি বাবা । Briefless barrister হওয়া, মেম বিয়ে করা, তাকে divorce করা ; পরে আবার এক portionless widow বিয়ে করা—যত রকম হ'তে পারে । এখন একটা প্রায়শিত্ব কল্পনাই ঘোল কলা পূর্ণ হয় । এখন তবে অনুমতি কর, এ দাস বিদায় হোক । স্বল্পরি ! প্রেয়সি ! পিতামহি ! আজ্ঞা করো, বিদায় হই ।

ইন্দুমতী । আমি তবে কোথায় যাবো ? আমার সম্পত্তি গিয়েছে, জাত গিয়েছে । কোথায় যাবো ?

চম্পটি । কোথায় যাবে ? চুলো আছে, হিমালয় পর্বত আছে,

Terai jungles আছে, বাউলের দল আছে, মেঘে যাত্রা আছে, যেখানে
থুসী যাও ! আমার কোন আপত্তি নেই । আমিও যাই—যমের দুর্বার
থোলা আছে, Theosophical Society আছে, Congress আছে,
কলিকাতার রাস্তা আছে,—যেখানে হয় যাবো ।

ইন্দূমতী ! আমাকে কি কেবল টাকার জগ্নেই তুমি বিষ্ণে
করেছিলে ?

চম্পটি ! নৈলে কি যাও, আর রাগিও না বল্ছি । যাও ! লক্ষ্মীটি
আমার ! মাণিক আমার ! বদ্রজের গোলাম আমার ! হইশ্বিশৃঙ্খ বোতল
আমার ! কৃপা কর । বিদায় হও ।

ইন্দূমতী ! আমি কি তোমার কোনই কাজে লাগ্বো না ;
আমি তোমার বাসন মাজ্বো, ডঁড়ার রাখ্বো, রাঁধ্বো, ঘরকন্না
কর্ব—

চম্পটি ! আরে ঘর থাকলে ত কলা কর্বে—যাও বল্ছি ।

ইন্দূমতী ! হায় ! পুরুষজাত কি এমনি স্বার্থপর ! আমরা স্ত্রী
জাতি ; আমরা অবস্থাগুণে যাদের পরাধীন, তারা কোথায় আমাদের
ভরণপোষণ কর্বে—না আমাদের বিষ্ণে করে' তা'রা বড়মানুষ হতে চায় ।
ধিক পুরুষগুণ, তোমাদের টাকা রোজগার কর্বার ক্ষমতা আছে ! অন্ত
যথেষ্ট উপায় আছে—ব্যবসা আছে, বাণিজ্য আছে, চাকরি আছে,
পেটেন্ট মেডিসিন আছে, চুরি আছে, ঘূৰ আছে ; তার ওপরে আর
আমাদের বধ কোরে টাকা কর্বার চিন্তা কর কেন ? আমরা নিরীহ জাত,
আমাদের ছেড়ে দাও ।

চম্পটি ! আরে তাই ত ছেড়ে দিছি । ভুল হয়েছে, দোষ হয়েছে,
অনুত্তাপ হয়েছে । এই নেও নাকে থৎ দিছি ।

ବିତୀୟ ଅଙ୍କ ।]

ଆସିଛନ୍ତି ।

[ସଂଦୃଶ୍ୟ ।

ଇନ୍ଦ୍ରମତୀ । ଏଥିନ ବୁଝିଲେ ପାଞ୍ଚି ଯେ ପୃଥିବୀରେ ପ୍ରେମ ବୋଲେ ଜିନିସଟା
ନେଇ—ପ୍ରେମେର ଜଣେ ବିଷେ କରା ଭୁଲ ; ହା ଅନୁଷ୍ଠାନ !

ଚମ୍ପଟି । ତା ଆର ବୋଲେ ?—ଆମି ହବାର ବିଷେ କରିଛି—ଏକବାର
ପ୍ରେମେର ଜଣେ, ଏକବାର ଟାକାର ଜଣେ ; ହବାରଇ ଠକିଛି । Logically
ଦୀଡାଳେ ଯେ ବିଷେ କରାଟାଇ mistake. [ପ୍ରଶ୍ନାନ]

[ଇନ୍ଦ୍ରମତୀର ଗାଇତେ ଗାଇତେ ପ୍ରଶ୍ନାନ]

କୌର୍ତ୍ତନ ।

କେନ ଖୁଁଜିଲେ ଯାମ୍ବରେ ବିଷଳ ପ୍ରେମ, ଏ ଜଗତେ ଭାଇ ।
କେନ ମିଛା ଖୁଁଜୀ ପାବି ନା ଥା—ହେଥା ରେ ତା ନାହିଁ ।
ହେଥା, ଶୁଦ୍ଧରେ ଆଣ-ଦାନପ୍ରତିଦାନ ବେଚାକେନା ହୟ ;
ଏ ପ୍ରେମ ଅଭିନାଶ, ଆର ଅବିଶାସ, ଆର ଅଭିମାନମୟ ;
ଶୁଦ୍ଧ ଯୌବନଶ୍ଵରନ, ବିରହ ମିଳନ, ଚାହନି ଚୁପ୍ରନ ଛାଇ ।
ଏ ପ୍ରେମ ଟାକାର ଜମକ, କ୍ରପେର ଚମକ, କୁଳ, ମାନ ଚାଯ୍ ;
ଏ ପ୍ରେମ ପୂର୍ଣ୍ଣ ହୋଲେ ଆଶ, ମିଟିଲେ ପିଯାମ, ମିଳାଇଲେ ଯାଯ୍ ;
କେନ ଚାମ୍ ହେଥା ବଙ୍ଗ୍ ମେ ପ୍ରେମ ଅଟଳ, ତାରା ସମ ଶ୍ଵର ;
ମେ ସନ୍ତୋଷ ମହାନ୍ ଗଗନେର ଗାନ,—ନୟ ଏ ପୃଥିବୀର ;
ବାର ହୁଏକଟି କର—ପଥହାରା ଦ୍ଵର—ମାଝେ ମାଝେ ମୋରା ପାଇ ।

ଦ୍ୱିତୀୟ ଅଙ୍କ ।]

ଆମ୍ରାଚିତ୍ତ ।

[ସମ୍ପଦ ଦୃଶ୍ୟ ।

ସମ୍ପଦ ଦୃଶ୍ୟ ।



ହାନ—ଉଗେଶେର ବାଟୀ । କାଳ—ସାମାଜିକ ।

ଉଗେଶ, ପରେଶ, ରମେଶ, ସୁରେଶ, ସୁକେଶିନୀ, ସୁବେଶିନୀ,

ଶୁହାସିନୀ ଓ ଶୁଭାସିନୀ ।

ଗୀତ ।

ରମଣୀଗଣ । We—oriental, beauties :—

Did our domestic duties.

As we're by nature fit ;

To teach us different, wholly

Was your stupendous folly ;—

ପୁରୁଷଗଣ । It was, we quite admit,

our dears, it was, we quite admit.

ରମଣୀଗଣ । We cooked you decent dinners,

Till you—poor reckless sinners

You sent us to the school ;

You taught us conics, statics,

History and mathematics,

ପୁରୁଷଗଣ । Which made you darned conceited and
which made you precious fools.

বিতীয় অক ।]

প্রায়শিত ।

[অষ্টম দৃশ্য ।

রমণীগণ । To please our husbands ever
Has been our best endeavour,
Till, through sheer thoughtlessness ;
You changed our manners gentle
To manners occidental,
পুরুষগণ । And made a pretty mess, our dears,
And made a pretty mess.
রমণীগণ । Your Mills and Herbert Spencers
Had failed to make you men, sirs,
You, for their precious sake,
Made us forget our Geeta,
Our Sabitri and Seeta ;
পুরুষগণ । A terrible mistake, our dears,
a terrible mistake.

[নিষ্কাস্ত]

অষ্টম দৃশ্য ।



স্থান—চম্পটির নৃতন বাটী । কাল—প্রাহু ।

লুকা হন্তে বাঙালীবেশে চম্পটি, ও

সিগারেট মুখে তর্কপঞ্চানন ।

চম্পটি । এখন একটা প্রায়শিতের ব্যবস্থা দিয়ে ফেলুন তর্কপঞ্চানন
মহাশয় । যা হবার তা ত হ'ল—এখন একটা দিন টিন ঠিক করে'—

দ্বিতীয় অঙ্ক]

প্রায়শিত্ব ।

[অষ্টম দৃশ্য ।

তর্ক । তা হ্যন্ত হও কেন বাপু ! শাস্ত্রেই আছে “যেন ঝুঁবাণি
পরিত্যজ্য অঞ্চলাণি নিষেবতে” তার জগ্নে আর ভাবনা কি । প্রায়শিত্ব
কল্পনাই সব দোষ কেটে যাবে ।

চম্পটি । প্রায়শিত্ব কর্তে হলে আমাকে কি কর্তে হবে ?

তর্ক । এই, ব্রাহ্মণকে কিছু অর্থ বিতরণ কর্তে হবে । তার পরে
শাস্ত্রে আছে “মাথামুণ্ড ঘোলং বর্দেৎ” অর্থাৎ কিনা মাথা মুড়িয়ে ঘোল
চেলে একটু গোময় খেতে হবে ।

চম্পটি । গোময় কি ?

তর্ক । গোময় কিনা গোবর ।

চম্পটি । খেতে হবে ?

তর্ক । হঁ বাপু, যত সব গবাদি অথান্ত খেয়েছো, সব দোষ কেটে
যাবে ।

চম্পটি । তার চেয়ে একটা জোলাপ নিলে হয় না ?

তর্ক । তা বাপু না হয় পরে একটা জোলাপও নিও, কিন্তু গোময়
একটু ভক্ষণ কর্তে হবে ।—নাম মাত্র । প্রায়শিত্বের প্রথা বাপু মেনে
চলতে হয় ।

চম্পটি । তা হোক, একটা হাস্তা নাস্তা করুন । একটা দিন
ঠিক করুন ।

তর্ক । আচ্ছা বাপু, এখন তবে আমি আসি । পরে যা হয় বিহিত
করা যাবে ।

[প্রথান]

চম্পটি । যাক ছাই ! প্রায়শিত্বই করা যাক । বেঁচিছি ; বাপ !
বিলিতি চাল কি আমাদের দেশে পোষাঙ ? বিলিতি লাঙল কি
আমাদের দেশের গরুতে টান্তে পারে ? না বিলিতি পোষাক বাঙালীর

ହିତୀସ ଅଙ୍କ]

ଆସ୍ରମ୍ଭ ।

[ଅଷ୍ଟମ ଦୃଶ୍ୟ ।

ଅଜେ ଶୋଭା ପାଇ ? ନା ବିଲିତି ଧାନା ଏ ଦେଶେ ସହ ହୁଏ ? ଏକେ ତୋ
ଏ ଦେଶେର ସଙ୍ଗେ ଥାପ、ଥାସ ନା, ତାର ଉପର ବିପର୍ଯ୍ୟସ ଥରଚ ।—ଏହି ଭୋଲା,
ଓରେ ଭୋଲା ରେ !

ଭୋଲା । ଏଜ୍ଞେ ।

ଭୋଲାର ପ୍ରବେଶ ।

ଚମ୍ପଟ । ଦେଖ ଭୋଲା ଏକ ଛିଲାମ ତାମାକ ମେଜେ ନିଯେ ଏମ ତ
ବାପଧନ ।

ଭୋଲା । ସେ ଏଜ୍ଞେ ।

ଚମ୍ପଟ । ଏହି ଦେଖ, ଚାକର ବାକରେର ସଙ୍ଗେ ବାବହାର ! ତାଡ଼ା ଦିଯେ
କାଜ ପାଉଥା ଯେତେ ପାରେ ବଟେ, କିନ୍ତୁ ଭାଲବାସା ପାବେ ନା । ଆଗେ ଚାକର-
ବାକର ବାଡ଼ୀର ପରିବାରେର ମଧ୍ୟ ଗଣ୍ୟ ଛିଲ—ରୁଧୁନୀ ହୋତ ମାସୀ, ଥାନସାମୀ
ହୋତ ଦାନା । ତାଦେର ଛେଲେପିଲେଦେର ମୁନିବରା କୋଳେ ନିତ । ଏଥିନ
ମୁନିବରା କୁକୁରେର ଛାନା କୋଳେ କରେନ, କିନ୍ତୁ ଚାକରେର ଛେଲେପିଲେକେ
କୋଳେ କରେନ ନା । ତାର effect ହୋଲୋ ଏହି, ସେ ଆଜ ଏକଜନ ଚାକର
ଯାଚ୍ଛ, କାଳ ଆର ଏକଜନ ଆସ୍ଛେ । ତାମାକ ଏନେହୋ ବାବା ? ରାଥୋ ।

[ଭୋଲାର ତାମାକ ଲଇୟା ପ୍ରବେଶ ଓ ତାମାକ ଦିଯା ପ୍ରଥାନ] ।

ଚମ୍ପଟ । [ତାମାକ ଟାନିତେ ଟାନିତେ] ଆଃ—ତାମାକ ଟେଲେ ବୀଚା
ଗେଲ । କେମନ ଦିଶା ଚାଲ ଦେଖ ଦେଖ ବାବା !—ଏକ ପୟସାର ତାମାକ
କେନୋ, ଦଶଜନ ମିଳେ ସମ୍ମତ ଦିନ ଥାଓ । କିନ୍ତୁ ଏକ ଏକଟୀ ଭାଲୋ
ସିଗାରେର ଦାମ—ବାବା—ଅନ୍ତତଃ ଏକ ଏକ ଆନା । ଆର ତାଓ ମୋଟେ
ଏକ ଜନେ ଥେତେ ପାରେ ମାତ୍ର । ବାପ୍ ! ସାହିବୀ କରା କି ଏ ଗରିବେର
ଦେଶେ ପୋଷାଇ ? ଚେୟାର ଚାଇ, ଟେବିଲ ଚାଇ, କ୍ୟାବିନେଟ ଚାଇ ; ଆରାମ
୭୪]


দ্বিতীয় অঙ্ক ।]

প্রায়শিত্ত ।

[নবম দৃশ্য ।

চেয়ার চাই । আর্য ঝুঁঁগণ কেমন স্বিধে কোরে গিয়েছেন দেখ দেখি ;
একথান তক্কাপোষের উপর এক সতরঞ্চ বিছোও—তাতে যত খুসী লোক
বোস, শোও, নাচো, গাও—আর গুড়গুড়ি টান,—ব্যাস । এখন বেশ
বুর্জতে পাছি যে ছেঁড়া পেটেলুনের চেয়ে ছেঁড়া ধূতি চান্দরই বাঙালীর
অঙ্গে শোভা পায়—দেখতে পাছি যে ছেলে মেয়েগুলোকে ফিরিঙ্গির
ছেলে করার চেয়ে বাঙালীর ছেলে করাটাই বহুৎ আচ্ছা । দেখছি যে
বিলিতি চালের চেয়ে বাঙালীর পক্ষে দেশী চালই বহুৎ আচ্ছা । বাঙালীর
বাঙালিয়ানাই বহুৎ আচ্ছা ।

নবম দৃশ্য ।




গীত ।

হ'ল কি ? এ হ'ল কি ? এ ত ভারি আশ্র্যি !
বিলেত ফের্তা টানছে হকা, সিগারেট খাচ্ছে ভশার্যি !
হোটেল ফের্তা মুসেফ ডাকছে “মধুমূদন কংসারি !”
চট্ট চ'টির দোকান খুলে দস্তুর মত সংসারী ।
ছেলের দল সব চসমা পোরে বোসে আছে কাটখোটা ;
সাহেবরা সব গেরয়া পরছে, বাঙালী নেকটাই হাটকোটা,
পক্ষীর মাংস লঞ্চীর মত ছেলে বেলায় থান নি কে ?
শব নদীর পারে গিয়ে বিড়াল বসছেন আহিকে ।
পদ্ম গদ্য লিখে সবাই কিন্তু না ক কিন্তু কে'ই ;
কাট্টে বটে—পোকায় কিন্তু, আলমারি কি সিঙ্কুকেই

[৭৫

ଜହରଚନ୍ଦ୍ର ଗୋକୁଳମାଇତି—ବାଡ଼ହେଲ ଲଦ୍ଧା ଚନ୍ଦାତେ ;
 ବିଦ୍ୟାରତ୍ନ—ଦରକାର ଶୁଦ୍ଧ ବିଯୋର ମଞ୍ଚ ଆୱଦାତେ ।
 ପୁରୁଷେରା ସବ ଶୁନ୍ଛେ ବସେ' ମେଘେରା ଆସନ୍ତି ଜମକାଚେ ।
 ଗାନ୍ଧେ ଏମନି ତାଲକାଣା ଯେ ଶୁନେ ତା ପୀଲେ ଚମକାଚେ ।
 ରାଜା ହଜେ ଶିଷ୍ଟଶାସ୍ତ୍ର ପ୍ରଜା ହଜେ ଜ୍ଵର୍ଦ୍ଦାର ।
 ମୁନିବ କଜେ ଆଜା ହଜୁର ଚାକର କଜେ ଥବର୍ଦ୍ଦାର ।
 ରାଧାକୃତ୍ତ ରଙ୍ଗମଙ୍କେ ନାଚହେଲ ଗିଯେ ଆନନ୍ଦେ ।
 ସ୍ୟାଧ୍ୟା କଜେନ ହିନ୍ଦୁଧର୍ମ ହରି ଘୋଷ ଆର ଆଣଧନ ଦେ ।
 ଶାନ୍ତ୍ରୀବର୍ଗ କୋନଇ ଶାନ୍ତ୍ରେର ଧାରେନ ନା ଏକ ବର୍ଗ ଧାର,
 ଶ୍ରୀମା ହଜେନ ଶବାର୍ଗବେ ବେଶୀ ମାତ୍ରାର କର୍ଣ୍ଣଧାର ।



ঘড়িয়াড়ী সাধারণ পুস্তকালয়

বিন্দুরিত দিবের পরিচয় গত

বর্গ সংখ্যা

পরিশোধ সংখ্যা.....

এই পৃষ্ঠাকথানি নিম্নে নিঙ্কারিত দিনে অধৰা ডাক্তার পুর্বে
গ্রন্থাগারে অবশ্য ফেরত দিতে হইবে। নতুবা মাসিক ১ টাকা ছিমাবে
জরিমানা দিতে হইবে।

নিঙ্কারিত দিন	নিঙ্কারিত দিন	নিঙ্কারিত দিন	নিঙ্কারিত দিন
৩৩৩ →) ৩৩১			

